

With the initiative of Hon'ble Chief Minister
MAMATA BANERJEE
Shishu Kishore Akademi Presents
KICFF 2025
11th
Kolkata International Children's Film Festival
22nd - 28th January 2025
Information & Cultural Affairs Department
Government of West Bengal

A Kolkata International Children's Film Festival Publication
January 22, 2025

Published on the occasion of:
11th Kolkata International Children's Film Festival Publication
By Mandakranta Mahalanabish, Secretary, Shishu Kishore Akademi
& Convenor, 11th Kolkata International Children's Film Festival
Uttirno (1st floor) 1A, Reformatory Street, Alipore, Kolkata 700 027
Phone: 033-2223-6210 Email: skakademi@gmail.com

Printed By
The Saraswati Printing Works
2 Guruprosad Chowdhury Lane, Kolkata -700 006

Editor Sudeshna Roy

Editorial Coordination

Sunandita Dasgupta, WBICS & JD, I&CA, Kushal Chakraborty, WBICS & JDI, I&CA
Sharbani Banerjee, Publication Manager, SKA

Editorial Assistance

Suvadip Dutta, Palash Das, Anurupa Sen, Kuntal Nayak

Proof Correction Sankalpa Sengupta

Designing Rajendra Ash

# Committee and Sub-Committees of the
# 11th Kolkata International Children's Film Festival, 2025

## Festival Patron

*Shri Indranil Sen*, Hon'ble Minister, Information & Cultural Affairs, Tourism Department and Tecnical Education, Training and Skill Development Department, Government of West Bengal

## 1. Executive Committee

*Santanu Basu*, IAS, Chairman, Kolkata International Children's Film Festival & Principal Secretary, Deptt. of I&CA

*Arpita Ghosh*, Director, Kolkata International Children's Film Festival & Chairperson, SKA

*Kausik Basak*, WBCS (Exe.), Spl. Secretary & E.O. Director of Culture Deptt. of I&CA.

*Sharmistha Bandyopadhyay*, WBCS (Exe.), C.E.O. Nandan & E.O. Addl. Secretary, Deptt. of I&CA

*Prasadranjan Ray*

*Raju S.V. Raman*

*Sajal Dutta*

*Nirmal Dhar*

*Aveek Majumdar*

*Mriganka Banerjee*

*Subhendu Dasmunshi*

*Rupak Chattaraj*

*Parthajit Gangopadhyay*

*Debesh Chattopadhyay*

*Shiladitya Sen*

*Dipanwita Roy*

*Avijit Goswami*

*John Haldar*

*Samrat Mukhopadhyay*

*Mandakranta Mahalanabis*, WBICS, JDC Convenor, KICFF & Secretary, SKA

## 2. Management & Liaison

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Kaustav Tarafdar*, WBICS, Sr. Addl.DC, Deptt. of I&CA

*Basudev Ghose*, WBICS, Addl. DC, Deptt. of I&CA and Secretary, Paschimbanga Bangla Akademi

*Suprina Blon*, WBICS, Addl. Director, EO Nandan, Deptt. of I&CA

*Pradip Kumar Sarkar*, WBICS, JDI, Deptt. of I&CA

*Tapan Tarafdar*, WBICS, JDC, Deptt. of I&CA

*Kushal Chakraborty*, WBICS, JDI, Deptt. of I&CA

*Lipika Banejee*, WBICS, D.D.& E.O., CCB

*Devasis Dutta*, WBICS, D.D.&A.O. PBBA & ROB

*Mitendra Chetri*, WBICS, D.D.& E.O. WBTA

*Sanjay Chakraborty*, WBICS, D.D. & A.O. Madhusudan Mancha

*Joyashish Ghosh*, WBA & AS A.O. Nandan

*Biswanath Khan*, SDICO, Bidhannagar

*Santanu Das*, Exe. Eng. I&CA Dept.

*Prabir Kr. Mondal*, AE, I&CA Dept.

*Arindam Mukhopadhyay*, SKA

*Rajat Kayal*, Nandan

*Anirban Ghosh*, SKA

*Mandakranta Mahalanabis*, WBICS, JDC Convenor, KICFF & Secretary, SKA

### 3. Publication & Printing

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Sudeshna Roy*

*Prasadranjan Ray*

*Subhendu Dasmunshi*

*Aveek Majumdar*

*Shiladitya Sen*

*Dipanwita Roy*

*Sunandita Dasgupta*, WBICS, JD, Deptt. of I&CA

*Kushal Chakraborty*, WBICS, JDI, Deptt. of I&CA

*Anirban Ghosh*, SKA

*Sujit Halder*, SKA

*Madhusudan Mondal*, SKA

*Rajendra Ash*, SKA

*Sankalpa Sengupta*, SKA

*Sharbani Bandyopadhyay*, Convenor, Publication Manager, SKA

### 4. Film Selection

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Ananya Chakraborti*

*Nirmal Dhar*

*Raju S.V. Raman*

*Sajal Dutta*

*Papiya Chowdhury*

*John Haldar*

*Avijit Goswami*

*Debesh Chattopadhyay*

*Samrat Mukhopadhyay*

*Koushik Chowdhury*

*Surajit Roy*

### 5. Technical & Print Unit

*Lipika Banerjee*, WBICS, DD & Secy-in-Charge, PBJA, Deptt. of I&CA

*Mitendra Chetri*, WBICS, DD & A.O., WBTA

*Subir Basu*, T.A.

*Sudip Bhattacharya*, Nandan

*Surajit Roy*, SKA

*Koushik Chowdhury*, SKA

### 6. Press, Media Publicity

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Sumita Dey*, WBICS, Addl. DI of I&CA

*Kalpendu Mukherjee*, WBICS, JDI, Deptt. of I&CA

*Munmun Hore Sinha*, WBICS, JDI, Deptt. of I&CA

*Kushal Chakraborty*, WBICS, JDI, Deptt. of I&CA
*Goutam Chakraborty*, EOP. Deptt & I&CA
*Gorachand Chowdhury*, AO, FTCC
*Smarajit Pramanik*, RO, Deptt. of I&CA
*Mousumi Sengupta*,
AIO News Bureau Deptt. of I&CA

### 7. Programme

*Arpita Ghosh*, Chairperson, SKA
*Nirmal Dhar*
*Sajal Dutta*
*Avijit Goswami*
*Arindam Mukhopadhyay*, SKA
*Anirban Ghosh*, SKA
*Surajit Roy*, SKA
*Koushik Chowdhury*, SKA

### 8. Exhibition

*Debesh Chattopadhyay*
*Kaustav Tarafdar*, WBICS, Sr. Addl. DC, Deptt. of I&CA
*Sumita Dey*, WBICS, Addl. DI, Deptt. of I&CA
*Koushik Nandi*, WBICS, JDI, Deptt. of I&CA
*Anirban Ghosh*, SKA
*Rajendra Ash*, SKA
*Madhusudan Mondal*, SKA

### 9. Hospitality

*Mriganka Banerjee*
*Kaustav Tarafdar*, WBICS, Sr. Addl. DC, Deptt. of I&CA
*Debasish Halder*, WBICS, Addl. DC, Deptt. of I&CA
*Basudev Ghose*, WBICS, Addl. DC, Deptt. of I&CA
*Debkumar Hazra*, WBICS, Addl. DC, Deptt. of I&CA
*Jagadish Chandra Roy*, WBICS, JDI, Deptt. of I&CA
*Surya Banerjee*, WBICS, Secy, WBSMA, Deptt. of I&CA
*Samapti Dutta*, WBICS, DDI, Deptt. of I&CA
*Arunava Mitra*, WBICS, DDI, Deptt. of I&CA
*Giridhari Saha*, WBICS, DDC, Deptt. of I&CA
*Anup Gayan*, WBICS, DD, Deptt. of I&CA
*Rana Debdas*, WBICS, ADI, Deptt. of I&CA
*Saumen Khamrui*, E.O., RCP
*Mahuya Roy*, SKA
*Pratima Mistry*, SKA

### 10. Delegate Registration

*Saumen Khamrui*, E.O., RCP
*Narayan Sahoo*, RCP

# Message

## শুভেচ্ছাবার্তা




মমতা ব্যানার্জ্জী
ममता बनार्जी
ممتا بنرجی
Mamata Banerjee

মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ
मुख्यमंत्री, पश्चिम बंगाल
وزیراعلیٰ مغربی بنگال
CHIEF MINISTER, WEST BENGAL


২ জানুয়ারী, ২০২৫

## শুভেচ্ছাবার্তা

**একাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু-কিশোর চলচ্চিত্র উৎসব** কলকাতার নন্দনে আগামী ২২-২৮ জানুয়ারী, ২০২৫ অনুষ্ঠিত হবে জেনে আনন্দিত হলাম।

প্রতি বছর, ছোটদের আনন্দ দিতে অনুষ্ঠিত হয় শিশু-কিশোর আকাদেমি আয়োজিত এই চলচ্চিত্র উৎসব। অনেক আনন্দ-উদ্দীপনা ও আগ্রহ নিয়ে উৎসবে প্রদর্শিত ছবিগুলি দেখতে যায় আমাদের কচি-কাঁচা দর্শকরা।

চলচ্চিত্র উৎসবের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি ও আয়োজকদের জানাই আমার আন্তরিক শুভকামনা। সকল শিশু-কিশোর চলচ্চিত্রপ্রেমী দর্শকের জন্য রইল নতুন বছরের অনেক অনেক শুভেচ্ছা ও ভালোবাসা।

(মমতা ব্যানার্জী)

**শ্রীমতি অর্পিতা ঘোষ**
সভাপতি, শিশু কিশোর আকাদেমি
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
উত্তীর্ণ (দ্বিতীয় তল)
১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর
কলকাতা – ৭০০ ০২৭


Nabanna, West Bengal Secretariat, Howrah - 711 102
West Bengal, India
Tel : + 91-33-22145555, + 91-33-22143101
Fax : + 91-33-22144046, + 91-33-22143528




## ইন্দ্রনীল সেন

রাষ্ট্রমন্ত্রী
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পর্যটন বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
এবং
কারিগরী শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন দপ্তর
(স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
পশ্চিমবঙ্গ সরকার

**নবান্ন**
দশম তল, রুম নং ৯১২
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড, হাওড়া - ৭১১ ১০২
ফোন নং ঃ ০৩৩-২২৫০-১০২৩/১০২৪
ফ্যাক্স নং ঃ ০৩৩-২২১৪-৪৪২২
ই-মেল ঃ mos.ica.wb@gmail.com

**নব মহাকরণ ভবন**
ব্লক - 'এ', চতুর্থ তল
১, কিরণ শঙ্কর রায় রোড, কোলকাতা - ৭০০ ০০১
ফোন নং ঃ (০৩৩) ২২৬২ ৮৩৩০ / ৮৩৩১
ই-মেল ঃ mostourismwb@gmail.com

**কারিগরী ভবন**
তৃতীয় তল, রুম নং ২২৩, প্লট নং বি/৭, অ্যাকশন এরিয়া ৩,
নিউটাউন, রাজারহাট , কোলকাতা - ৭০০ ১৬০
ফোন নং ঃ (০৩৩) ২৩২৪ ৫৮৫৪
ফ্যাক্স ঃ (০৩৩) ২৩২৪ ৫৮৫৩
ই-মেল ঃ mostetsdwb@gmail.com


### শুভেচ্ছাবার্তা

শিশু ও কিশোরদের মানসিক এবং বৌদ্ধিক বিকাশ, সেই সঙ্গে সৃজনশীল করে তোলার উদ্দেশে তথ্য ও সংস্কৃতি বিভাগের শিশু কিশোর আকাদেমি সারাবছর উল্লেখযোগ্য কাজ করে থাকে, যা ইতিমধ্যেই বাংলার ছোটোদের মধ্যে নতুন কিছু করার উৎসাহ সৃষ্টি করেছে।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক ইচ্ছা ও উদ্যোগে শুরু হওয়া কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব শিশু কিশোর আকাদেমি আয়োজিত অন্যতম প্রধান উৎসব, যার জন্য বাংলার ছোটোরা সারাবছর অধীর আগ্রহে অপেক্ষা করে থাকে।

সাফল্যের সঙ্গে ১০ বছর পূর্ণ করে এ বছর উৎসবের একাদশ আয়োজন হতে চলেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি। আগামী ২২ থেকে ২৮ জানুয়ারি নন্দন-রবীন্দ্রসদন চত্বরসহ ৮টি প্রেক্ষাগৃহে আয়োজিত এই উৎসবে দেশ-বিদেশের সিনেমা দেখার আনন্দ উপভোগ করার পাশাপাশি ছোটোরা জেনে নিতে পারবে সিনেমা সংক্রান্ত খুঁটিনাটি। সিনেমাকে কেন্দ্র করে প্রতিবছর এই উৎসব ছোটোদের মিলনমেলায় পরিণত হয়। এবারের উৎসবের থিম 'ফ্যান্টাসি', যা ছোটোদের খুবই পছন্দের বিষয়। সিনেমার মাধ্যমে দেশ- বিদেশের সঙ্গে পরিচিত হওয়ার এ উৎসব বড়ো হওয়ার পথে ছোটোদের পাথেয় হয়ে থাকবে। আমি এই উৎসবের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

(ইন্দ্রনীল সেন)




**Indranil Sen**
**MINISTER OF STATE**
Department of Information and Cultural Affairs
Department of Tourism (Independent Charge)
and
Department of Technical Education, Training & Skill Development (Independent Charge)
Government of West Bengal

**NABANNA**
9th Floor, Room No. - 912
325, Sarat Chatterjee Road, Howrah - 711 102
Phone: 033-2250-1023 / 1024, Fax: 033-2214-4422
e-mail : mos.ica.wb@gmail.com

**New Secretariat Building**
Block - 'A', 3rd Floor
1, Kiran Sankar Roy Road, Kolkata - 700 001
Tel. : (033) 2262-8330 / 8331
email: mostourismwb@gmail.com

**Karigari Bhawan**
2nd Floor, Room No. 223, Plot No. B/7
Action Area - III, New Town, Rajarhat
Kolkata - 700 160
Tel. : (033) 2324 5854, Fax : (033) 2324 5853
email: mostetsdwb@gmail.com


# MESSAGE

With the 11th edition of Kolkata International Children's Film Festival set to roll out, let me extend my warm wishes for its success and take a look back to review how far we have travelled since it was conceived with the initiative of Hon'ble Chief Minister Mamata Banerjee.

The KICFF, over the years, went past several milestones and is now gradually becoming a platform for cultural exchanges among countries, a stage for open discussion and confabulations among the filmmakers, the critics and the viewers and a place for rejuvenating and nurturing of young minds. I wish to see it going from strength to strength in the coming years.

I must extend my appreciation for Shishu Kishore Akademi for organizing such a festival successfully over the past years and congratulate everyone associated with this 11th edition which promises to offer a rich fare. Between 22nd and 28th January, the festival will screen 116 films from 30 countries, reflecting how it has extended its reach and reputation. There will be a total of eight venues, including the Nandan-RabindraSadan complex.

The theme of this year's KICFF is "fantasy", and we sincerely hope that the films screened will positively impact the young viewers, fostering their creativity, stimulating their imagination and inspiring them to overcome challenges and achieving goals, as often seen in the movies of this genre.

I once again extend my best wishes for the success of this grand festival.

**(Indranil Sen)**




শান্তনু বসু, আই.এ.এস.
প্রধান সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
'নবান্ন', ১০ম তল
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড
পোস্ট ঃ শিবপুর, জেলা ঃ হাওড়া
পিন ঃ ৭১১ ১০২
ফোন ঃ (০৩৩) ২২১৪-৩৬১৪
ফ্যাক্স ঃ (০৩৩) ২২৫৩-৫২০১

e-mail : secica@wb.gov.in

Santanu Basu, I.A.S.
PRINCIPAL SECRETARY
DEPTT. OF INFORMATION & CULTURAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL
'Nabanna', 9th Floor
325, Sarat Chatterjee Road
P.O. : Shibpur, Dist. : Howrah
PIN : 711 102
Tele : (033) 2214-3614
Fax : (033) 2253-5201


## শুভেচ্ছাবার্তা

কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব শুধুমাত্র ছোটোদের সিনেমা উৎসবের গণ্ডিতে আর সীমাবদ্ধ নেই, দশ বছর সফল আয়োজনের পর এই উৎসব এখন পশ্চিমবঙ্গ সরকারের একটি প্রধান উৎসব, যার টানে কলকাতাসহ বিভিন্ন জেলার শিশু-কিশোররা মিলিত হয়। সিনেমা শুধু মনোরঞ্জনের বিষয় নয়, দেশ-বিদেশের জীবনযাত্রাসহ জ্ঞান-বিজ্ঞানের নানা শিক্ষা সিনেমার মাধ্যমে সঞ্চারিত হয়, যে শিক্ষা ছোটোদের সমৃদ্ধ করে। এই সত্যকে সামনে রেখে পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উৎসাহ ও উদ্যোগে শুরু হওয়া কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের দশ বছর পূর্ণ করে একাদশ আয়োজন হতে চলেছে আগামী ২২ জানুয়ারি। ২২-২৮ জানুয়ারি সপ্তাহব্যাপী এই উৎসবে ৩০টি দেশের ১১৬টি সিনেমা প্রদর্শিত হবে। শুধুমাত্র ছোটোদের জন্য এত বড়ো সিনেমা উৎসবের আয়োজন প্রকৃত অর্থেই দৃষ্টান্তস্বরূপ। রবীন্দ্রসদন-নন্দন চত্বরসহ কলকাতার মোট ৮টি প্রেক্ষাগৃহে সিনেমাকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গের নানা প্রান্ত থেকে আসা ছোটোদের নিয়ে জমে উঠবে খুশির মেলা। সিনেমা দেখার বাইরে সিনেমা সংক্রান্ত নানা বিষয়ে ছোটোদের আগ্রহী করে তুলতে হাতেকলমে সিনেমা শীর্ষক প্রদর্শনীর ব্যবস্থাও থাকছে। সব মিলিয়ে এই উৎসব সিনেমাকে কেন্দ্র করে বাংলার ছোটোদের জন্য বিশ্ব-দর্শনের আয়োজন। উৎসবের সঙ্গে যুক্ত বিভিন্ন দূতাবাস, বিশিষ্ট ব্যক্তিত্ব, আধিকারিক ও কর্মীদের ধন্যবাদ জানিয়ে এই উৎসবের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।

(শান্তনু বসু)
প্রধান সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
সভাপতি, একাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব




শান্তনু বসু, আই.এ.এস.
প্রধান সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
'নবান্ন', ১০ম তল
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড
পোস্ট ঃ শিবপুর, জেলা ঃ হাওড়া
পিন ঃ ৭১১ ১০২
ফোন ঃ (০৩৩) ২২১৪-৩৬১৪
ফ্যাক্স ঃ (০৩৩) ২২৫৩-৫২০১

e-mail : secica@wb.gov.in

**Santanu Basu,** I.A.S.
PRINCIPAL SECRETARY
DEPTT. OF INFORMATION & CULTURAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL
'Nabanna', 9th Floor
325, Sarat Chatterjee Road
P.O. : Shibpur, Dist. : Howrah
PIN : 711 102
Tele : (033) 2214-3614
Fax : (033) 2253-5201


Date:14.01.2025

**Message**

As we prepare to unveil the 11th edition of the Kolkata International Children's Film Festival (KICFF), I am pleased to extend my heartfelt greetings and best wishes for its grand success. This festival, initiated under the visionary leadership of Hon'ble Chief Minister Mamata Banerjee, has grown remarkably over the years, evolving into a vibrant celebration of children's cinema and an important cultural event.

KICFF has, over the years, emerged as a key forum for cultural dialogue, boosting creative exchanges among filmmakers, critics, and young audiences. It has become a unique space for nurturing young minds, encouraging open discussion, and generating fresh perspectives. I am confident that this festival will expand its horizons in the years to come.

I commend the tireless efforts of Shishu Kishore Akademi in successfully organizing KICFF year after year, and I congratulate all those involved in making the 11th edition a reality. This year's festival, scheduled from 22nd to 28th January, promises a rich cinematic experience, featuring 116 films from 30 countries across eight venues, including the iconic Nandan-Rabindra Sadan complex.

The chosen theme for this year's festival, "fantasy," is particularly exciting. We hope that the carefully curated films will not only entertain but also spark imagination, foster creativity, and inspire young minds to dream big, face challenges, and pursue their goals with determination.

Once again, I extend my best wishes to everyone involved in making this festival a grand success. May KICFF continue to illuminate the lives of our young viewers and strengthen Kolkata's standing as a hub of cinephiles.

(Santanu Basu)
Principal Secretary
Information and Cultural Affairs Department
&
Chairman, 11th Kolkata International Children's Film Festival



অর্পিতা ঘোষ || অধিকর্তা
কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব

২০১১ সালে শুরু হয়েছিল আমাদের পথচলা। আর এবার আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব দশ পেরিয়ে পা দিল এগারোয়। শৈশবের গণ্ডি পার হয়ে সে এখন সাবালকত্বের পথে। কোভিডের কারণে মাঝখানে তিন বছর ছোটোদের এই ছবির উৎসব আমাদের পক্ষে করা সম্ভব হয়নি। তবে মারির প্রকোপ কাটিয়ে ওঠার পরই সব আয়োজন আবার ফিরে এসেছে স্বমহিমায়। এবার আমাদের উৎসবের উদ্‌বোধনী ছবি 'ইলহাম'। পরিচালক ধ্রুব হর্ষ। উৎসবের শুরুর সময় থেকেই আমাদের সিদ্ধান্ত ছিল, যেহেতু এই আয়োজন ছোটোদের জন্য, তাই উদ্‌বোধনও করবে ছোটোরাই।

প্রতিবারের মতোই এবারও তাই ২২ জানুয়ারি প্রদীপ জ্বালিয়ে উৎসবের শুভসূচনা করেছে 'ইলহাম' ছবির মূল চরিত্র তাইও চান ও টোট্টো চান। উপস্থিত ছিলেন পরিচালক ধ্রুব হর্ষও। এবারের সমাপ্তি ছবি বিপুল শর্মার 'প্রবাস'। নন্দন, রবীন্দ্রসদন-সহ কলকাতার ৮টি হলে দেখানো হচ্ছে ৩০টি দেশের ১১৬টি ছবি। এ বছর উৎসবের থিম ফ্যান্টাসি। তাই সেই বিভাগে রয়েছে একগুচ্ছ নানা দেশের বিখ্যাত ছবি। এর মধ্যে অবশ্যই আছে 'হ্যারি পটার' সিরিজ। এ ছাড়াও 'দ্য লায়ন কিং', 'চিটি চিটি ব্যাং ব্যাং'-এর মতো জনপ্রিয় ছবিও দেখেছে ছোটোরা। থিম যেহেতু ফ্যান্টাসি, তাই গোটা নন্দন চত্বরই সেজে উঠেছে কল্পনার রঙে। ছোটোদের সঙ্গে আলাপ করার জন্য ঘুরে বেড়িয়েছে ছবির সব মজাদার চরিত্র। একতারা মুক্তমঞ্চেও এবার দেখানো হয়েছে একগুচ্ছ ধ্রুপদি ছবি। এর মধ্যে আছে 'জুরাসিক পার্ক', 'সোনার কেল্লা', 'পাতালঘর', 'ইটি—দি এক্সট্রা-টেরেস্ট্রিয়াল'। ওয়ার্ল্ড সিনেমা বিভাগেও এবার আমরা 'বিগ ড্রিম', 'নাইস ভিউ', 'ল্যাসি—আ নিউ অ্যাডভেঞ্চার', 'লিভিং লার্জ' কিংবা 'ব্লক ফাইভ'-এর মতো বেশ কিছু খুবই প্রশংসিত ছবি যাতে ছোটোরা দেখতে পায়, তার ব্যবস্থা করেছি। আছে তথ্যচিত্র আর ছোটোদের তৈরি ছোটো ছবিও। গগনেন্দ্র শিল্পপ্রদর্শশালায় প্রতিবছরের মতোই এবারও আয়োজন হয়েছে সিনেমা তৈরির কলাকৌশল বিষয়ক চমৎকার একটি প্রদর্শনীর। প্রতিদিনই ছবি, অতিথি এবং দর্শকদের নানা খবরাখবর দিয়ে প্রকাশিত হয়েছে বুলেটিন, বায়োস্কোপের বাক্স।

সাত দিনের উৎসব শেষ ২৮ জানুয়ারি। এই সাত দিনই নন্দন চত্বর জুড়ে ছোটোদের ভিড়। ছবি দেখার পাশাপাশি হাসি-গল্প-মজা এসব তো আছেই, কিন্তু আমরা অনুভব করি, একটু একটু করে ছোটোদের মধ্যে বাড়ছে ছবি তৈরির বিষয়ে আগ্রহ। ক্রমশ প্রশস্ত হচ্ছে নতুন নতুন পরিচালক, অভিনেতা-অভিনেত্রী, কলাকুশলী গড়ে ওঠার পথ। অবশ্যই এটা আমাদের মস্ত প্রাপ্তি। কারণ ২০১১-এ এই উৎসব শুরু হওয়ার পেছনে ছোটোদের ভালো ছবি দেখানোর আগ্রহ যেমন ছিল, তেমনি মনের গোপনে এই ইচ্ছেটাও তো লালন করেছি আমরা সবাই।



Arpita Ghosh || Director
Kolkata International Children's Film Festival

Our journey began in 2011. This year we step into the 11th edition of the Kolkata International Children's Film Festival. The COVID pandemic prevented us from holding the festival for three years. But as soon as the dark shadow of the epidemic lifted, the festival returned in its former glory.

The inaugural film this year was 'Elham'. Directed by Dhruva Harsh. Since this is a children's film festival, it was decided from the inception that the inauguration would be done by children. This year on 22nd January the inaugural lamp at the Festival was lit by the protagonists of the film 'Elham', Taio Chan and Totto Chan. The director Dhruva Harsh was also present. The closing film is Bipul Sharma's 'Pravas'. A hundred and sixteen films from 30 countries of the world are being showcased at the festival in 8 venues including Nandan and Rabindra Sadan.

The theme for the festival this year is Fantasy. The 'Harry Potter' series is very much there, as well as the all-time favourites, 'The Lion King', 'Chitty Chitty Bang Bang,' and others.

The entire Nandan and Rabindra Sadan premises have been dressed as Fantasy Land, keeping in mind this year's theme. Characters from various films have mingled with audiences. Several classic films are being shown at the open-air theatre, Ektara Mancha: 'Jurassic Park', 'Sonar Kella', 'ET: The Extra-Terrestrial,' and 'Patalghar' are some of them. In the World Cinema section, some highly acclaimed films like 'Big Dream', 'Nice View', 'Lassie: a New Adventure', 'Living Large' and 'Block Five' are being screened for all. Documentary films and short films by the young and new have been given precedence.

In the Gaganendra Shilpapradarshashala, this year too, an exhibition on filmmaking and its various techniques is on display for the future cineastes.

A daily bulletin, Bioscoper Baksho (Bioscope Box) with news and snippets about films, visitors, and dignitaries present at the festival is being published. The seven-day festival will conclude on 28th January. A large crowd of young people, in a merry mood, exchanging notes, is a regular feature here. An interest in filmmaking is growing amongst youngsters. This is a good sign, as these festivals are also cradles for new talents to be nurtured: actors and technicians both. This is a big takeaway for us. When we started in 2011, we wanted to present good films to youngsters, but deep in the heart we also hoped new talents would be nurtured.





# সম্পাদকীয়

সুদেষ্ণা রায় || চিত্রপরিচালক, অভিনেতা

শিশুদের জন্য ছবি তৈরি হচ্ছে বহু বছর ধরে! কোনও ছবি অ্যানিমেশন চরিত্রবহুল, কোনওটি রহস্য-রোমাঞ্চভিত্তিক, আবার কোনওটি কল্পবিজ্ঞাননির্ভর। বেশ কিছু নামি বাঙালি চিত্রপরিচালক, যেমন সত্যজিৎ রায়, তপন সিংহ, মৃণাল সেন ছোটোদের জন্যও ছবি করেছেন। আবার বিশ্ববন্দিত ওয়াল্ট ডিজনিও অ্যানিমেশন চিত্র উপহার দিয়েছেন ছোটোদের।

প্রশ্ন হল, শিশু কারা বা কোন ছবি কোন শিশুর মনে ধরবে! দুই থেকে সাত বছরের শিশু দর্শক যেমন আছে, আবার আট থেকে বারো ও তেরো থেকে আঠেরোর শিশুও রয়েছে। প্রতিটি বয়সের শিশু আলাদা ধরনের ছবির প্রতি আকৃষ্ট হয়! যেমন ছয়-সাত বছরে যে অ্যানিমেশন ছবি পছন্দ হয়, ১৩ বছরে সেটিকে অতি শিশুসুলভ মনে হতেই পারে। আবার ১৪ বছরের কিশোরের জন্য তৈরি রহস্য-রোমাঞ্চ, যা ইতিহাসভিত্তিক বা ধাঁধানির্ভর ছবি, খুব ছোটোদের মাথার ওপর দিয়ে চলে যায়। সুতরাং ছোটোদের চলচ্চিত্রোৎসবের জন্য ছবি বাছাই করা সহজ কর্ম নয়।

গত দশ বছর যাবৎ শিশু কিশোর আকাদেমি এই কাজটি করে এসেছে এবং এ বছর একাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের বিষয় বাছাই করা হয়েছে ফ্যান্টাসি বা কল্পজগৎ। এই বিষয়ে শিশু-কিশোর ও সদ্য তরুণদের জন্য একত্রিত করা হয়েছে একঝাঁক ছবি। একদিকে যেমন থাকছে চিরকালীন ক্লাসিক ছবি ‘হীরক রাজার দেশে’, তেমনই আছে ‘হ্যারি পটার’ সিরিজের ছবি বা ‘সোনাদা’কে নিয়ে ছবি! থাকছে চিন থেকে পোল্যান্ড, রাশিয়া থেকে ইরানের ছবি, সবার মনোরঞ্জনের জন্য।

Films specifically for children have been made through the ages. Some of them are animated, some adventure features , some based on imagination. Well known Bengali filmmakers from the past like Satyajit Ray, Mrinal Sen, Tapan Sinha have all made films for children. And so has Walt Disney. The question is, who are children and what is it that attracts children? A child viewer could be between the ages of 2 to 7 or another group from 8 to 12, and yet another from 13 to 18. Each age group is attracted by different genres of films. The animation films that little children watch may seem childish to a teenager, a teenage adventure film talking of history or dependent on solving riddles may go beyond the understanding of the very young, those below seven years. Therefore it is a Herculean task curating a festival for children.

This is what has been done for the last 10 years by the Shishu Kishore Academy and now as one steps into the 11th year of the Kolkata International Children's Film Festival, the chosen theme is Fantasy! On the one hand we have the classical film ‘Heerak Rajar Deshe’, on the other the entire ‘Harry Potter’ series or closer home the ‘Sonada’ series that started in 2018. Films from China to Poland, Russia to Iran and beyond have been collected for the festival. Happy viewing to all.

# CONTENTS


| | |
|---|---|
| Inaugural Film | 17-20 |
| Closing Film | 21-24 |
| Fantasy | 25-47 |
| Bengali Panorama | 48-63 |
| Literature and Cinema | 64-72 |
| World Cinema | 73-110 |
| Nature and Enviornment | 111-118 |
| Ektara Muktamancha | 119-126 |
| Short Films | 127-134 |
| Documentaries | 135-142 |
| Mobile Films | 143 |

KICFF
2025



# বিশ্বাস ও বন্ধুত্বের কাহিনি

শিলাদিত্য সেন || চলচ্চিত্র তাত্ত্বিক

পশুপাখি ছেলেবেলা থেকেই বড়ো প্রিয় ধ্রুব হর্ষের, যিনি তোমাদের জন্যে এই ‘ইলহাম’/‘Elham’ (Revelation) ছবিটি বানিয়েছেন।

ধ্রুব ছবি বানানোর পাশাপাশি লেখালেখিও করেন, এককথায় সৃষ্টিশীল মানুষ। উত্তরপ্রদেশের এই মানুষটি ইংরেজি সাহিত্যের ছাত্র। যা কিছু মানবিক তা কখনও তাঁর দৃষ্টি এড়ায় না, হালে প্রামাণ্য ছবি শেষ করেছেন কলকাতার হাতে-টানা রিকশাচালকদের জীবন নিয়ে। সাম্প্রতিক ‘ইলহাম’ দেশের বাইরে ঢাকা, ইংল্যান্ডের ফেস্টিভ্যাল ঘুরে এবারের কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব-এর উদ্‌বোধনী ছবি।

একটি টিয়া, একটি খরগোশ, একটি কুকুর—ছেলেবেলায় তাঁর সঙ্গী এই তিনটি প্রাণীর কথা খুব মনে পড়ে ধ্রুবর, অসম্ভব ভালোবাসতেন তাদের, কিন্তু কাউকেই তিনি বাঁচাতে পারেননি, নিজের কাছেই নিজে অপরাধী হয়ে থাকতেন। বছর গড়িয়ে গিয়েছে, ভুলতে পারেননি তাদের। বলেওছেন সে কথা ধ্রুব, ফেলে-আসা জীবন আর বালকবেলার স্মৃতি দিয়ে এ ছবির কাহিনি বুনেছেন ধ্রুব।

ফয়জান আর ডোড়ুর গল্প, তাদের পারস্পরিক বিশ্বাস আর বন্ধুত্বের ছবি ‘ইলহাম’। ফয়জান নিতান্তই বালক, উত্তরপ্রদেশের অওধ অঞ্চলে এক শ্রমজীবী পরিবারে তার বেড়ে-ওঠা, নীল আকাশ আর সবুজ বনরাজির মধ্যে বসবাস। ডোড়ু ফয়জানের বড়ো আদরের, সাদা ধবধবে লোম তুলতুলে ছাগলছানা। ফয়জান তাকে নিজের হাতে আমপাতা থেকে রুটি সবই খাওয়ায়, সব পরিচর্যা করে। একদিন সোয়েটার বুনছিলেন ফয়জানের মা তার জন্যে, ফয়জান মা-র কাছে এসে আবদার করে, তিনি যেন ডোড়ুর জন্যেও একটা সোয়েটার বুনে দেন।

কিন্তু আসন্ন ইদ উৎসবে লোকাচার মেনে বলি দিতে হবে ডোড়ুকে, সেটাই নিয়ম, অথচ তা কী করে হবে! এমন পরিস্থিতিতে এক বনবাসী একাকী ফকির এসে ফয়জানের অভিভাবকদের বোঝান, তাঁরা যেন ফয়জানের মনের বিশ্বাসটুকু নষ্ট না করে দেন। বড়োদের বিচারবুদ্ধিতে ভর করে ছোটোরা চলে না, তাদের শুদ্ধ অপাপবিদ্ধ মন আর বিশ্বাসের জগৎ জুড়ে আছে এক আনন্দময় ভুবন। তাদের খেলার সঙ্গী বা বন্ধু উৎসবের বলি হতে পারে, এমনটা কল্পনাই করতে পারে না তারা।

আমাদের দেশের গ্রামজীবনের উৎসবে নিয়ম-আচার-অনুষ্ঠানকে পাশে সরিয়ে রেখে তার আনন্দাংশে কীভাবে মিলিত হতে পারে মানুষজনের মধ্যে, সে বার্তাই বুনে দেন পরিচালক গোটা ছবি জুড়ে।

আর সেজন্যেই এটি তোমাদের উদ্‌বোধনী ছবি। উদ্‌বোধন শব্দটির প্রতিশব্দ জাগরণ। আর বিশদ অর্থ বিস্মৃত বিষয়ের স্মরণ। অর্থাৎ ভুলে-যাওয়া কোনও ব্যাপারকে ফের মনে করা। ধ্রুবর এই ছবিটি মনে পড়িয়ে দেবে পশু-পাখি-নিসর্গ আর মানুষের পারস্পরিক সম্প্রীতির কথা, এবং একই সঙ্গে তোমাদের মধ্যে জাগিয়ে তুলবে বন্ধুত্ব আর ভালোবাসা।

# Of Friendship and Faith

Siladitya Sen || Film Commentator

Dhruva Harsh, the director of "Elham" (Revelation), had been fond of animals and birds since childhood.

An English literature scholar, Dhruva is a writer as well; in short, a creative personality with a never-wavering focus on the humane aspects of life. He recently completed a documentary on the lives of handrickshaw-pullers in Kolkata. "Elham" has travelled to festivals in Dhaka and England before being selected as the opening film of the $11^{th}$ edition of the Kolkata International Children's Film Festival (KICFF).

The filmmaker, who hails from UP, remembers three of his childhood companions -- a parrot, a rabbit and a dog. He loved them very much but could not save any of them and felt terribly guilty about it. The memories and the sadness of parting remained, finding expression in "Elham", Dhruva said. Longing for the days gone by has been woven into the story.

It is the story of Faizan and Dodu, of their mutual trust and friendship.

Faizan is a boy from a labourer family in Awadh region, growing up amid the green fields and forest under the open blue sky. Dodu is his silk-white goat. Faizan feeds him mango leaves and roti (Indian bread), and looks after him with great care. They are best of friends. His mother constantly knits in her leisure time. One day as Faizan sees his mother knitting a sweater for him, he requests her to knit one for Dodu too.

But as Eid approaches, the time comes for the goat to be sacrificed as per custom. How can that happen when Faizan and Dodu are such close companions? A forest-dwelling mendicant, a fakir, then pays a visit and tells his parents that they should not break his innocent faith and trust. Children do not follow the thought process of elders. Their mind is pure and unadulterated; their world is full of joy. They cannot imagine their playmates or friends being harmed in any manner during a festival.

The film sends the message of how, in our country, festivals can help people get together and focus on the positive aspects, while setting aside rules and rituals.

That is why, this has been chosen as the inaugural or 'udbodhani' film. The synonym of 'udbodhan' in Hindi and Bengali is 'jagaran' (awakening); the elaborate meaning is "remembering things which have been forgotten". The movie will remind you about the harmony among animals, birds, nature and man, and will rekindle love and friendship among all of you.

# INAUGURAL *Film*





# Director

Dhruva Harsh

**Elham**
India | 2023 | 89min

Elham, directed by Dhruva Harsh, follows a young boy, Faizan, and his bond with a goat named Dodu, bought for an Eid-al-Adha sacrifice. The story delves into themes of love, empathy, and cultural traditions, portraying Faizan's emotional journey as he grapples with the sacrificial ritual and his affection for Dodu. Celebrated for its touching narrative, the film has been featured at multiple international festivals, captivating audiences with its gentle exploration of human-animal connections and the spirit of compassion.

ধ্রুব হর্ষ পরিচালিত ‘ইলহাম’ চলচ্চিত্রটি একটি বাচ্চা ছেলে ফয়জান ও তার বন্ধু ডোডু নামক একটি ছাগলের মধ্যেকার ভালোবাসা, স্নেহ ও আদরের কথা বলে। ইদ-উল-আদা বা কোরবানির জন্য আনা একটি ছাগলকে একটি বাচ্চা ভালোবেসে ফেললে তার মনের ভেতর কোনও ভয়, দুশ্চিন্তা, সহানুভূতি, সহমর্মিতা খেলা করতে থাকে—সেটিই এই চলচ্চিত্রের রসদ। মর্মস্পর্শী এই ছবিটি নানান আন্তর্জাতিক উৎসবে প্রদর্শিত হয়েছে, যা একটি মানুষ ও একটি প্রাণীর যোগাযোগের খোঁজ করতে শেখায় এবং অনুভবের গল্প বলে।







# মর্যাদা সবার ওপরে

অনন্যা চক্রবর্তী || তথ্যচিত্র নির্মাতা

টাকা নাকি মানুষের মর্যাদা—কোনটা বেশি মূল্যবান? দারিদ্র্যের মধ্যেও কি মর্যাদা বিকশিত হতে পারে? মর্যাদা কি সমৃদ্ধি কিংবা প্রতিপত্তির ওপর নির্ভর করে? মানুষের মর্যাদা কি দারিদ্র্যের প্রতিকূলতার বিরুদ্ধে জয়ী হতে পারে? এ বছর কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের সমাপনী সিনেমা ‘প্রবাস’-এ এই প্রশ্নগুলিই উঠে এসেছে।

আমেদাবাদের কাছে অপরিচিত এক গ্রামের ছেলে ছোট্ট প্রবাস। আর তার বাবা একজন দরিদ্র দিনমজুর। সামান্য আয়ে পরিবারটিকে নিরন্তর জীবনসংগ্রাম চালিয়ে যেতে হয়। প্রবাস মেধাবী ছাত্র, গ্রামের স্কুলে পড়ে। কিন্তু অভাবের কারণে তার দিদি ভালো ছাত্রী হওয়া সত্ত্বেও পড়াশোনা ছেড়ে দিতে বাধ্য হয়েছিল। দারিদ্র্যের তীব্র যন্ত্রণা সহ্য করেও বেঁচে থাকার যুদ্ধে পরিবারের প্রত্যেকে একে অপরের পাশে থাকে। এমন চলতে থাকলেও একদিন পরিবারটি এক কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি হয়, যখন প্রবাসের শিক্ষাভ্রমণের প্রয়োজনে আমেদাবাদ যাওয়ার জন্য কিছু টাকার দরকার হয়। অন্যরা সেই টাকা দিতে পারলেও, প্রবাসের পরিবারের পক্ষে সেই টাকা দেওয়া সম্ভব না-হওয়ায় প্রবাস এই কঠিন সত্যকে চাপা দেওয়ার জন্য তার পরিবার এবং স্কুলের শিক্ষকদের কাছে অন্য বার্তা দিতে এক মিথ্যের জাল বোনে। এই মিথ্যে আসলে তার মর্যাদাবোধ থেকে রচিত। মানুষের মর্যাদা যে সব কিছুর ওপর বিদ্যমান, এই সিনেমায় তারই উপস্থাপনা হয়েছে। ছবির কাহিনিবিন্যাস, চিত্রনাট্য ও অভিনয় ছবির আকর্ষণ বাড়িয়ে তোলে অনেকাংশে।



# Human Dignity Above All

Ananya Chakraborti || Documentary Filmmaker

What is more valuable? Money or human dignity? Can dignity flower in poverty? Is dignity dependant on affluence? Can human dignity fight and overcome a situation created by poverty? These are some of the questions raised by "Pravas", the closing film of Kolkata Internation Children's Film Festival (KICFF) this year. Pravas is a small boy from a little known hamlet near Ahmedabad. His father is a daily wage labourer and the family struggles to survive on his meagre earnings.

The daughter had to quit her education after school even though she was a good student, while Pravas studies in the village school and is a brilliant student. But even through their hardship they are a close knit family who are appreciative of each other's sacrifices in their battle for survival. The biggest challenge however lands on them when Pravas is required to pay some money for a school study trip to Ahmedabad. While all other children can contribute, Pravas is not in a position to do so.

The narrative revolves around this crisis when Pravas weaves a string of lies to hide the truth, both to his school teacher as well as to his family. What triumphs is human dignity above all else. An inspiring storyline is made more forceful with good acting and an apt screenplay.



# CLOSING
*Film*





# Director

Vipul Sharma

**Pravas**
India | 2018 | 95min

Pravas, directed by Vipul Sharma, tells an inspiring story centered around Tino, a young boy from an impoverished village in Gujarat. The film captures his struggles and triumphs, highlighting primarily themes of perseverance and hope. It emphasizes the transformative power and strength of determination and the significance of personal growth in challenging circumstances. Through Tino's journey, the film sheds light on societal issues while offering a heartfelt narrative of resilience.

গুজরাটের একটি পিছিয়ে-পড়া গ্রামের বাচ্চা টিনোর ওপর ভিত্তি করে একটি অনুপ্রেরণামূলক ছবি হল বিপুল শর্মা পরিচালিত ‘প্রবাস’। এই ছবিটি তার সংগ্রামের কথা বলে, এবং কীভাবে নিজের অধ্যবসায় ও নিজের ওপর বিশ্বাস থেকে সে তার সংগ্রামে জয়লাভ করে, তার কথাও বলে। টিনোর যাত্রার মাধ্যমে চলচ্চিত্রটি সামাজিক বিষয়গুলির ওপর আলোকপাত করে এবং স্থিতিস্থাপকতার একটি আন্তরিক আখ্যান উপস্থাপন করে।












# FANTASY FILMS









# নিয়ম-ভাঙা উড়ানে যার পুষ্টি

অভীক মজুমদার || লেখক

সুকুমার রায় তাঁর 'আবোল তাবোল' বইয়ের প্রথম কবিতাতেই বলেছিলেন, 'আয় বেয়াড়া সৃষ্টিছাড়া/ নিয়মহারা হিসাব-হীন।' আবার ভূমিকায় লিখেছিলেন, 'যাহা আজগুবি, যাহা উদ্ভট, যাহা অসম্ভব, তাহাদের লইয়াই এই পুস্তকের কারবার।' এখান থেকেই শুরু করা যেতে পারে। ১০০ বছরেরও আগে প্রকাশিত ওই বই (১৯২৩) 'ফ্যান্টাসি' বিষয়ে সব কথাই বলে দিয়েছে। আজগুবি, উদ্ভট আর অসম্ভবের মাত্রামাফিক মিশেলে তৈরি হয় 'ফ্যান্টাসি'—কল্পনার বেহিসাবি নিয়ম-ভাঙা উড়ানে তার পুষ্টি! কখনও রূপকথায়, কখনও স্বপ্নের কাহিনিতে, কখনও আজব সব কাল্পনিক সফরে ফ্যান্টাসি হয়ে ওঠে এক অনিবার্য উপাদান। সুকুমার রায়ের বাবা উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর একটি দুর্দান্ত গল্পকে ভিত্তি করে, সুকুমার রায়ের পুত্র সত্যজিৎ রায় এক অবিস্মরণীয় ফ্যান্টাসি-নির্ভর চলচ্চিত্র উপহার দিয়েছিলেন দর্শককে। নাম 'গুপী গাইন বাঘা বাইন'। তোমরা নিশ্চয়ই দেখেছ। যারা দেখোনি, অবশ্যই দেখে নিয়ো। অবিশ্বাস্য সব কাণ্ডকারখানা দিয়ে গুপী-বাঘা কেমন করে আটকে দিল শুন্ডি আর হাল্লার যুদ্ধ, খতম করল ষড়যন্ত্র আর নিষ্ঠুরতার দাপট, সেসব নিয়েই চিরন্তন ফ্যান্টাসি এই সিনেমা!

সেই আজগুবি, উদ্ভট, অসম্ভবের মিলমিশে তৈরি ফ্যান্টাসির নানারকম চমকপ্রদ খেল দেখা যাবে এবারের কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবে। এবারের মূল থিম 'ফ্যান্টাসি' বা আজব। সেই প্রকরণের অনেক কাহিনিচিত্র বেছে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। সারা পৃথিবীর নানা প্রান্ত থেকে নানা সময়ের প্রতিনিধি হিসেবে এই ছবিগুলো এসেছে। প্রতিটি ছবিতেই আছে মনোরঞ্জনের রংদার উপস্থাপনা। কোনওটি হয়তো বহুকালের প্রচলিত রূপকথা, কোনওটি আধুনিক যুগেরই গল্প, কোনওটিতে কল্পনার কোনও তল্লাটে পর্যটন আর আজগুবি সব কীর্তিকলাপ! একবার দেখলে ভোলা শক্ত। এমন চমৎকার তাদের অভিঘাত!

এইসব কাহিনির পরতে পরতে অবাক করা কাণ্ড, অদ্ভুত, আজগুবি আর অসম্ভবের ধারাবাহিক আবির্ভাব। হ্যারি পটার আজকের যুগে সারা বিশ্বের চেনা নাম। এই বালকের নানান চোখধাঁধানো অ্যাডভেঞ্চার নিয়ে সিনেমা তৈরি হয়েছে। সেখানে আবার জাদুকর ইন্দ্রজাল আর অকল্পনীয় সব ঘটনা আর চরিত্র। কোনও ছবিতে ডাইনি আর সিংহকে দেখা যাবে, কোথাও বিজ্ঞানীর ভুলচুকে নিজের সন্তানেরাই হয়ে যাবে পিঁপড়ের মতো ছোটো। কোথাও আজব দেশে উদ্ভট কাণ্ডকারখানা দেখবে ছোট্ট মেয়ে অ্যালিস। কোনও ছবিতে আবার ইঁদুরদের পৃথিবী, কোথাও রাজকন্যার জাদুবলে সেই রাজ্যে নানা ঘটনার ঘনঘটা। কোথাও সমুদ্রের মৎস্যকন্যার আবির্ভাব! কল্পনা, বাস্তব আর চমকদার ঘটনায় ভরপুর এই সিনেমাগুলি গভীর সব কথা বলে। হাসি, কান্না, উৎকণ্ঠা আর রোমাঞ্চের পাশাপাশি শেখায় ভালো মানুষ হতে আর এই গ্রহটাকে ভালোবাসতে। দেখতে ভুলো না কিন্তু!

# Bizarre Wings of Imagination

Aveek Majumder || Writer

In the very first poem of his collection Abol Tabol (Absurd Limerick Verses) Sukumar Ray, the pioneer of nonsense literature in India, had written, "Aye Beyara, Srishtichhara, Niyamhara, Hisabheen". "Come here, the headstrong and weird/ The unruly and the calculation-impaired". In its introduction, he wrote, "This book is all about the absurd, the bizarre, and the impossible." We can start from here. This collection of poems, published more than 100 years ago in 1923, said nearly everything about fantasy. A proportional mixture of the absurd, the bizarre, and the impossible creates fantasy. Its flight is powered by the wings of imagination unbound. In fairy tales, in dream stories, or in an imaginary voyage, fantasy turns out to be a necessary ingredient. Based on an excellent story by Sukumar Ray's father Upendrakishore Roychowdhury, his son, Satyajit Ray, made a memorable fantasy film–Goopy Gyne Bagha Byne (1969). You must have watched it. Those of you who have not, please do. This classic fantasy movie tells the story of Goopy and Bagha, two ordinary village folk, who stopped a war and put an end to conspiracy and cruelty amidst some incredible happenings around them.

Fascinating and interesting aspects of fantasy filmmaking will be on display for viewers during the Kolkata International Children's Film Festival, the principal theme of which in this edition is 'Fantasy'. A large number of selected movies of the genre will be screened during the festival, representing different periods of time and various countries from different corners of the world. Dazzling presentation of entertainment is the common factor in all these films–be it an ancient fairy tale or a modern fable, a trip to a world of vivid imagination, or a story full of miraculous occurrences. The films are thoroughly enjoyable and unforgettable.

These films are full of astonishing episodes and marked by the regular appearance of the absurd, the bizarre, and the impossible. Harry Potter is a name known all over the world in this age. The amazing adventures of the "boy who lived" have been made into a series of movies, almost all of which will be screened during the festival. Magic and imagination are the mainstays of the series. Films featuring the Lion and the Witch, a scientist accidentally shrinking his children, and Alice traversing through the 'wonderland' are some highlights this year. The world of rats, the tale of a princess with magic powers, and a mermaid are part of the fantasy fare. Combining the real, the unreal, and the wonderous, these films often convey a deep meaning. Wrapped in a package of laughter, tears, excitement, and thrill, they deliver the message of being good at heart and loving this planet. Don't forget to watch!



# Director

## Andrew Adamson

THE CHRONICLES OF NARNIA: THE LION, THE WITCH AND THE WARDROBE
UK, USA | 2005 | 143min

Four children from the same family have to leave their town because of the bombings of WWII. A woman and a professor take the children to their house. While playing a game of hide-and-seek, the youngest member of the family, Lucy, finds a wardrobe to hide in. She travels back into another world through the wardrobe and finds a place named Narnia.

After coming back twice, Lucy asks her siblings to go into the wardrobe together for the last time. The four battle wolves, meet talking animals, encounter an evil white witch and meet a magnificent lion named Aslan. Will this be the end of their journey to Narnia or will they stay?

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় লন্ডনের চার কিশোর-কিশোরীকে পাঠিয়ে দেওয়া হয় শহর থেকে দূরে একটি গ্রামের বাড়িতে। সেখানে খেলা করতে করতে লুসি একটি আলমারির সন্ধান পায়, যার মধ্যে দিয়ে সে এক আজব নগরী নার্নিয়াতে পৌঁছে যায়। তারপর নানান ঘটনার পর নিজের বাড়িতে ফিরে এসে দাদা পিটার, এডমান্ড এবং বোন সুজানকে নিয়ে আবার নার্নিয়াতে যায়, যেখানে কথা-বলা পশুপক্ষী, মহাশক্তিধর সিংহ আসলান, কুচক্রী জাদুকরির সঙ্গে মোকাবিলা হয় ওদের। নার্নিয়াকে বাঁচানোর জন্য লুসি ও ভাইবোনেরা আসলানের পক্ষ নিয়ে জাদুকরির সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়ে।





## The Chronicles of Narnia: Prince Caspian

USA | 2008 | 150min Director Andrew Adamson

A year has passed by since the Pevensie children stepped through the wardrobe. In Narnia, centuries have passed since the defeat of the White Witch. Now the foursome is back to Narnia to find that everything that was destroyed and the Narnia they once knew is gone forever. They come to the aid of the young Prince Caspian, who is leading a group of old Narnians to wage war against his malicious uncle Miraz, who rules Narnia with an iron fist. Will they succeed? When will Aslan return?

সুজান, এডমান্ড, পিটার ও লুসি তাদের পূর্বের অভিযানের এক বছর পর আবার সেই আজব নগরী নার্নিয়াতে ফিরে আসে এবং বুঝতে পারে যে, সেখানে ইতিমধ্যে ১৩০০ বছর অতিক্রান্ত হয়ে গেছে। নার্নিয়াতে এখন এক ঘোর গৃহযুদ্ধ শুরু হয়েছে রাজকুমার ক্যাস্পিয়ান ও তার দুষ্টু কাকা মিরাজের মধ্যে। ওরা চারজন রাজা ক্যাস্পিয়ানের পক্ষ নিয়ে যুদ্ধে শামিল হয়। দুষ্টু রাজা মিরাজকে হারিয়ে নার্নিয়াতে শান্তি ফেরানোই তাদের মূল উদ্দেশ্য। ওরা কি সফল হবে। আসলান কি ফিরবে?







# Director

## Michael Apted

### The Chronicles of Narnia: The Voyage of the Dawn Treader

UK, USA | 2010 | 113min

Visiting their annoying cousin, Eustace, Lucy and Edmund Pevensie come across a painting of a majestic ship called the Dawn Treader. Suddenly, the painting comes to life and draws the youths into Narnia, where they meet their old friend, King Caspian. Caspian is on a quest to find the seven lost Lords of Telmar, whose swords will save Narnia from an evil green mist that enslaves men's minds and bodies. The three Pevensies join in the fray.

লুসি, ইউস্টেস ও এডমন্ড তাদের খুড়তুতো ভাইয়ের সঙ্গে দেখা করতে গিয়ে এক রাজকীয় জাহাজের চিত্র দেখতে পায়, নাম ডন ট্রেডার। হঠাৎই চিত্রটি জীবন্ত হয়ে উঠে ওদের নার্নিয়া রাজ্যে নিয়ে যায়। সেখানে তাদের সঙ্গে দেখা হয় পুরোনো বন্ধু রাজা ক্যাস্পিয়ানের। রাজা তখন তেলমার-এর সাত বীরকে খোঁজায় ব্যস্ত। কারণ তাঁদের জাদু তরবারি নার্নিয়াকে সবুজ কুয়াশাঘন দুষ্টশক্তির হাত থেকে রক্ষা করবে।







# Director

## Ken Hughes

### Chitty Chitty Bang Bang

USA, UK | 1968 | 144min

Eccentric inventor Caractacus Potts, his two children, and his beautiful lady friend, Truly Scrumptious, go on a picnic at the beach, where they are soon whisked into a magical world of pirates, castles, and a flying car called Chitty Chitty Bang Bang. In the adventure that ensues, they journey to Vulgaria and encounter the evil tyrant Baron Bomburst and his child-hating wife, who kidnap Potts' children and steal Chitty Chitty Bang Bang. With the assistance of the kindly village toymaker, Potts plans an elaborate scheme to rescue the kidnapped children and Chitty Chitty Bang Bang from the Baron's castle on his birthday.

আবিষ্কারক ক্যারেকটাস পটস, তার দুই সন্তান এবং বান্ধবীর সঙ্গে একটি সমুদ্রতটে পিকনিক করতে যায়। সেখানে জলদস্যুদের এক আজব দুনিয়ার দেখা মেলে। তাদের উড়ন্ত গাড়ির নাম চিটি চিটি ব্যাং ব্যাং। পটস ও বাচ্চাদের এই অভিযানে ঘনিয়ে আসে বিপদ। অত্যাচারী শাসক ব্যারন বমবার্স এবং তাঁর কুচক্রী স্ত্রী পটসের বাচ্চাদের লুকিয়ে রাখে। গ্রামের এক খেলনা প্রস্তুতকারকের সহায়তায় ক্যারেকটাস পরিকল্পনা করে তার সন্তান এবং মজার গাড়ি চিটি চিটি ব্যাং ব্যাংকে ফিরিয়ে আনার। এই মিউজিক্যাল ফ্যান্টাসি মন জয় করবে ছোটোবড়ো সবার।








# Director

## Robert Zemeckis

### A Christmas Carol

UK | 2009 | 96min

Though London awaits the joyful arrival of Christmas, miserly Ebenezer Scrooge thinks it's all humbug and berates his faithful clerk and cheerful nephew for their hope and enthusiasm for the coming Christmas, much to their dismay. Later, Scrooge encounters the ghost of his late business partner, who warns him that three spirits will visit him this night. The ghosts come and take Scrooge on a journey through his past, present, and future in the hope of transforming his bitterness. The film deals with Scrooge's journey of self-redemption to mend his miserliness.

বিখ্যাত গল্পকার চার্লস ডিকেন্সের ছোটোগল্প অবলম্বনে এই চলচ্চিত্র। এবনেজার স্ক্রুজ লন্ডনের এক লোভী, কৃপণ মহাজন। সারা শহর যখন মেতে উঠেছে বড়োদিনের উৎসবে, সেই উৎসবে শামিল তার কর্মচারী ও ভাইপো। কিন্তু খিটখিটে মেজাজের স্ক্রুজ তাদের খুব বকাঝকা করে। স্ক্রুজের সঙ্গে দেখা করে তার ব্যাবসার মৃত অংশীদারের ভূত। ভূত তাকে জানায় যে, সে রাতে তিনটে আত্মা তার সঙ্গে দেখা করতে আসবে। সেই তিন আত্মা স্ক্রুজকে তার অতীত, বর্তমান ও ভবিষ্যতের ছবি দেখায়, তার স্বভাবে পরিবর্তন আনার জন্য।







# Director

## Chris Columbus

### Harry Potter and the Sorcerer's Stone

USA, UK | 2001 | 152min

Adaptation of the first of J.K. Rowling's popular children's novels about Harry Potter, a boy who learns on his eleventh birthday that he is the orphaned son of two powerful wizards and possesses unique magical powers of his own. He is summoned from his life as an unwanted child to become a student at Hogwarts, an English boarding school for wizards. There, he meets several friends who become his closest allies and help him discover the truth about his parents' mysterious deaths.

জে কে রাউলিং-এর বিখ্যাত হ্যারি পটার সিরিজ থেকে নেওয়া প্রথম চলচ্চিত্র। হ্যারি তার এগারোতম জন্মদিনে জানতে পারে, তার বাবা ও মা, যাদের সে কখনও দেখেনি, তাঁরা দুজনেই জাদুকর ছিলেন। ক্রমে বুঝতে পারে, তার নিজেরও জাদুকরি ক্ষমতা রয়েছে। জাদুকরদের নিজস্ব স্কুল হগওয়ার্টস থেকে তার ডাক আসে। সেখানে তার সব চেয়ে ভালো বন্ধু হয় রন ও হারমিয়োনি এবং ক্রমে সে মায়াজাল-মেশানো এক অদ্ভুত দুনিয়ায় প্রবেশ করে এবং তার বাবা-মা-র মৃত্যুরহস্যের উদ্‌ঘাটন করে।





## Harry Potter and the Chamber of Secrets

USA, UK | 2002 | 161min Director Chris Columbus

Forced to spend his summer holidays with his muggle relations, Harry Potter gets a real shock when he gets a surprise visitor: Dobby the house-elf, who warns Harry against returning to Hogwarts, for terrible things are going to happen. Harry decides to ignore Dobby's warnings and continues with his pre-arranged schedule. Strange and terrible things happen in Hogwarts. Harry hears mysterious voices from inside the walls, muggle-born students are attacked, and a message scrawled on the wall in blood scares everyone: "The Chamber of Secrets Has Been Opened. Enemies of the Heir, Beware!"

হ্যারি পটার, রন, হারমিয়োনি ও তাদের জাদুবিদ্যার স্কুল হগওয়ার্টসকে নিয়ে দ্বিতীয় চলচ্চিত্র। একটি রহস্যময় ছোটো পুরুষ পরি ডবি, হ্যারিকে হগওয়ার্টসে যেতে বারণ করে, কারণ সেখানে বিপদের সম্ভাবনা আছে। কিন্তু হ্যারি স্কুলে ফিরে যায় এবং সেখানে কিছু ভয়াবহ রহস্যময় ঘটনা ঘটে। দেওয়ালের ভেতর থেকে হ্যারি কথা শুনতে পায়। কিছু ছাত্রছাত্রীর ওপর আক্রমণও হয়। হগওয়ার্টস স্কুলের দেওয়ালে দেখা যায় গুপ্তকক্ষ সম্পর্কে রক্তে লেখা মারাত্মক সতর্কবার্তা। স্কুলের সবাই ভয় পেতে শুরু করে, হ্যারি ও তার বন্ধুরা কি রহস্যের জাল কাটিয়ে উঠতে পারবে?








# Director

Alfonso Cuarón

## Harry Potter and the Prisoner of Azkaban

USA, UK | 2004 | 142min

Harry Potter is having a tough time with his relatives. He runs away after using magic to inflate Uncle Vernon's sister Marge, who was being offensive towards Harry's parents. Initially scared about using magic outside the school, he is pleasantly surprised that he won't be penalized after all. However, he soon learns that a dangerous criminal and Voldemort's trusted aide, Sirius Black, has escaped from Azkaban Prison and wants to kill Harry to avenge the Dark Lord. To worsen the conditions for Harry, vile creatures called Dementors are appointed to guard the school gates.

হ্যারি তার আত্মীয়দের ব্যবহারে ক্ষুব্ধ হয় এবং ওর আত্মীয়া মার্জকে ম্যাজিক দিয়ে ফুলিয়ে পালিয়ে যায়। যেহেতু ম্যাজিক স্কুলের বাইরে ব্যবহার করা বারণ, তাই হ্যারি শাস্তির ভয় পায়। কিন্তু পরে জানতে পারে, ওর কোনও শাস্তি হবে না। হ্যারি, রন ও হারমিয়োনি হগওয়ার্টস স্কুলে ফিরে এসে জানতে পারে, ভয়ংকর সিরিয়াস ব্ল্যাক আজকাবান কারাগার থেকে পালিয়েছে, সে স্কুলের ক্ষতি চায় ও হ্যারিকে মারতে চায়। স্কুলকে রক্ষা করার জন্য আসে ডিমেন্টর নামে একঝাঁক অদ্ভুত জন্তু, যারা হ্যারি ও তার বন্ধুদের জন্য খুবই বিপজ্জনক।







# Director

## Mike Newell

### Harry Potter and the Goblet of Fire

USA, UK | 2005 | 157min

Harry's fourth year at Hogwarts starts. That same year, Hogwarts is hosting 'The Triwizard Tournament', a magical tournament between three well-known schools of magic: Hogwarts, Beauxbatons, and Durmstrang. The contestants have to be above the age of seventeen and are chosen by a magical object called 'The Goblet of Fire'. On the night of selection, however, the Goblet spews out four names instead of the usual three, with Harry unwittingly being selected as the Fourth Champion. Since the magic cannot be reversed, Harry is forced to go with it and brave three exceedingly difficult tasks.

হগওয়ার্টস স্কুলে চতুর্থ বছরে হ্যারি, রন ও হারমিয়োনি। ম্যাজিকের তিনটি প্রধান স্কুলের মধ্যে একটি টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে, যেখানে 'গবলেট অব ফায়ার' দ্বারা প্রতিটি স্কুল থেকে একজন করে অংশগ্রহণকারীকে নির্বাচন করা হয়। হগওয়ার্টস স্কুল থেকে হ্যারির নাম উঠে আসে, যদিও অংশগ্রহণ করার জন্য প্রয়োজনীয় বয়স তার হয়নি। সবাই ধরে নেয়, হ্যারি প্রতারণা করেছে। হ্যারি জানায়, সে কখনোই সেখানে তার নাম রাখেনি, এর পেছনে অন্য কেউ আছে। কিন্তু কে? হ্যারিকে ক্রমে ক্রমে ড্রাগন, সামুদ্রিক প্রাণী এবং একটি ভয়ংকর গোলকধাঁধার মধ্যে দিয়ে যেতে হয়।







# Director

## David Yates

### Harry Potter and the Order of the Phoenix

USA, UK | 2007 | 138min

After a lonely summer on Privet Drive, Harry returns to a Hogwarts full of ill fortune. Dumbledore believes that Voldemort is really back. The ministry decided to step in by appointing a new Defense Against the Dark Arts teacher, Professor Dolores Umbridge, who proves to be the nastiest person Harry has ever encountered. To top it off, Harry has strange dreams and a mystery behind something for which Voldemort is searching, plagues him. Harry begins one of his toughest years at Hogwarts School of Witchcraft and Wizardry.

গ্রীষ্মের ছুটির পর, হ্যারি তার জাদুবিদ্যার স্কুল হগওয়ার্টসে ফিরে আসে। হ্যারি এবং প্রফেসার ডাম্বলডোর বিশ্বাস করেন যে, বিপজ্জনক ভলডেমর্ট ফিরে এসেছেন, অন্যান্যরা যদিও সেই কথা মানতে চায় না। স্কুল কমিটি ডার্ক আর্টসের বিরুদ্ধে লড়বার জন্য শিক্ষক-অধ্যাপক ডলোরেসকে নিযুক্ত করেন। পরে জানা যায় তাঁর ন্যক্কারজনক ব্যবহার। হ্যারি মাঝেমধ্যে একটি স্বপ্ন দেখতে থাকে, সে স্বপ্নের অর্থ খুঁজে পায় না। ভলডেমর্ট নামক রহস্যের জাল ক্রমে বৃদ্ধি পেতে থাকে। হ্যারি বন্ধুদের নিয়ে প্রকৃত জাদু শিখতে শুরু করে এবং যুদ্ধের প্রস্তুতি নেয়। হগওয়ার্টসে বিপদের গন্ধ ছড়িয়ে পড়ে।





## Harry Potter and the Half-Blood Prince

USA, UK | 2009 | 153min Director David Yates

As Death Eaters wreak havoc in both Muggle and Wizard worlds, Hogwarts is no longer a safe haven for students. Though Harry suspects there are new dangers lurking within the castle walls, Dumbledore is more intent than ever on preparing the young wizard for the final battle with Voldemort. Meanwhile, teenage hormones run rampant through Hogwarts, presenting a different sort of danger. Love may be in the air, but tragedy looms, and Hogwarts may never be the same again.

ডেথ ইটাররা একদিকে জাদুকর, অন্যদিকে সাধারণ মানুষদের ক্ষতি করতে শুরু করে। হগওয়ার্টস স্কুল আর ছাত্রদের জন্য নিরাপদ নয়। হ্যারি সন্দেহ করে যে, দুর্গের দেওয়ালের মধ্যে নতুন বিপদ লুকিয়ে আছে। প্রফেসার ডাম্বলডোর ভলডেমর্টের সঙ্গে চূড়ান্ত যুদ্ধের জন্য তরুণ জাদুকরকে প্রস্তুত করতে থাকে। হ্যারি ভলডেমর্টের গোপন ক্ষমতা খুঁজতে বেরোয়। ইতিমধ্যে বয়ঃসন্ধির নিয়মে স্কুলেও তরুণ-তরুণীদের সম্পর্কে পরিবর্তন আসে। হগওয়ার্টসে জীবনের এক নতুন অধ্যায় শুরু হয়।





## HARRY POTTER AND THE DEATHLY HALLOWS PART 1

USA, UK | 2010 | 146min Director David Yates

Voldemort's power is growing stronger. He now has control over the Ministry of Magic and Hogwarts. Harry, Ron, and Hermione decide to finish Dumbledore's work and find the rest of the Horcruxes to defeat the Dark Lord. But little hope remains for the trio and the rest of the Wizarding World, so everything they do must go as planned.

অধ্যাপকদের সহায়তা ও সুরক্ষা ছাড়াই হ্যারি, রন, হারমিয়োনি ভলডেমর্টের অমরত্বের উৎস হরক্রাক্সগুলিকে ধ্বংস করার একটি মিশন শুরু করে। এদিকে ভলডেমর্ট হগওয়ার্টসের দখল নিতে শুরু করেছে। ভলডেমর্টের বাহিনী হ্যারি, রন, হারমিয়োনিকে বিচ্ছিন্ন করার হুমকি দেয় এবং হ্যারিকে খুঁজতে শুরু করে। হ্যারি ও তার বন্ধুরা কি পারবে ভলডেমর্টকে প্রতিরোধ করতে?





# Director



Dean DeBlois




Chris Sanders

## How to Train Your Dragon

USA | 2010 | 98min

Long ago, up North on the Island of Berk, the young Viking, Hiccup, wants to join his town's fight against the dragons that continually raid their town. However, his macho father and village leader, Stoik the Vast, will not allow his small, clumsy, but inventive son to do so. Regardless, Hiccup ventures out into battle and downs a mysterious Night Fury dragon with his invention but can't bring himself to kill it. Instead, Hiccup and the dragon, whom he dubs Toothless, begin a friendship that would open up both their worlds as the observant boy learns that his people have misjudged the species.

বার্ক নামক উত্তরের একটি দ্বীপে ভাইকিংরা থাকত। সেখানে বেঁচে থাকার জন্য তাদের ড্রাগনদের সঙ্গে যুদ্ধ করতে হত। হিক্কাপ নামের এক তরুণের অনেক দিনের ইচ্ছে ড্রাগন শিকার করবে। কিন্তু ওর বাবা স্টইক রাজি হয় না। হিক্কাপ লুকিয়ে শিকার করতে গিয়ে এক ড্রাগনকে পরাস্ত করে। কিন্তু ওকে মারতে পারে না উলটে ওর সঙ্গে তার বন্ধুত্ব হয়ে যায়। ড্রাগনের নাম দেয় টুথলেস। বার্কের চিন্তার জগতে পরিবর্তন আসে। সে জানতে পারে শুধু ড্রাগন বা মানুষ নয়, কত বিচিত্র জীবের বাসস্থান এই পৃথিবীতে এবং একে অন্যকে বহু ক্ষেত্রেই ভুল বুঝে সমস্যার সৃষ্টি হয়।







# Director

## Dean DeBlois

### How to Train Your Dragon 2

USA | 2014 | 10672min

It's been five years since Hiccup and Toothless successfully united dragons and Vikings on the island of Berk. While Astrid, Snotlout, and the rest of the gang are challenging each other to dragon races, the now inseparable pair journey through the skies, charting unmapped territories and exploring new worlds. When one of their adventures leads to the discovery of a secret ice cave that is home to hundreds of new wild dragons and the mysterious Dragon Rider, the two friends find themselves at the centre of a battle to protect the peace. Now, Hiccup and Toothless must unite to stand up for what they believe.

পাঁচ বছর ধরে বার্ক দ্বীপে ড্রাগন এবং ভাইকিংরা শান্তিতে বসবাস করেছে। অ্যাস্ট্রিড এবং স্নটলাউটরা নানারকম খেলা ও আনন্দে মেতে আছে। হিক্কাপ ও টুথলেস অজানা জায়গার খোঁজে ঘুরে বেড়াচ্ছে। এইভাবেই তারা একদিন বরফের গুহা খুঁজে পায়। সেখানে বাস করে শত শত ড্রাগন। আর আছে এক মানুষ, যে ড্রাগনে চড়ে ঘুরে বেড়ায়। আবার এক যুদ্ধের সম্মুখীন হয় তারা। মানুষ ও ড্রাগন উভয়েরই অস্তিত্ব বিপন্ন। তারা বুঝতে পারে, সবাই মিলে এক হয়ে লড়লেই যুদ্ধে জয় হবে। মানুষ ও ড্রাগন সবার জীবনে শান্তি আসবে।







# Director

## Danny DeVito

### MATILDA

USA | 1996 | 98min

This film, an adaptation of a Roald Dahl story, revolves around Matilda Wormwood, a gifted girl fond of reading books, who is forced to put up with a crude, distant father and mother. Worse, Agatha Trunchbull, the evil principal at Matilda's school, is a terrifyingly strict bully. However, when Matilda realizes she has the power of telekinesis, she begins to defend her friends from Trunchbull's wrath and fights back against her unkind parents. She takes up cudgels against injustice.

এই চলচ্চিত্র মাটিলডা ওয়ার্মউডের গল্প বলে। মাটিলডা, বয়স ৬ বছর, প্রতিভাধর একটি মেয়ে, কিন্তু বাড়িতে বাবা, মা তার সঙ্গে খুব খারাপ ব্যবহার করে। স্কুলে ভরতি হলে তার অবস্থা আরও খারাপ হয়, কারণ মাটিলডার স্কুলের প্রিন্সিপ্যাল আগাথা ট্রাঞ্চবুল খুবই কঠোর আচরণ করেন ছাত্রছাত্রীদের সঙ্গে। কিন্তু যখন মাটিলডা বুঝতে পারে যে, তার বিশেষ এক ক্ষমতা আছে, সে তখন সেই ক্ষমতাবলে প্রিন্সিপ্যালের নির্মম আচরণের বিরুদ্ধে বন্ধুদের রক্ষা করে এবং বাবা-মা-কে সহবত শিক্ষা দেয়।





# Director



William Cottrell



David Hand

## Snow White and the Seven Dwarfs

USA | 1937 | 83min

The beautiful and kindhearted princess Snow White charms every creature in the kingdom except one–her jealous stepmother, the Queen. When the Magic Mirror proclaims Snow White as the fairest one of all, she must flee into the forest, where she befriends the loveable seven dwarfs–Doc, Sneezy, Grumpy, Happy, Bashful, Sleepy, and Dopey. But when the Queen tricks Snow White with a poisoned apple and she falls into a deep sleep, only the magic of true love's kiss can awaken her.

এই ছবিটি ওয়াল্ট ডিজনির প্রথম অ্যানিমেশন ছবি। রূপকথার এই গল্পের কেন্দ্রীয় চরিত্রে আছে স্নো হোয়াইট নামে এক সুন্দরী রাজকুমারী, তার দুষ্টু ঈর্ষাকাতর সৎমা ও সাতজন বামন। সৎমার রোষ থেকে বাঁচতে পালিয়ে যায় স্নো হোয়াইট, দেখা হয় সাতজন বামনের সঙ্গে। সুখে ছিল স্নো হোয়াইট, কিন্তু সৎমা জানতে পেরে তাকে বিষযুক্ত আপেল খাওয়ায়। স্নো হোয়াইট গভীর ঘুমে আচ্ছন্ন হয়ে পড়ে। কেবলমাত্র ভালোবাসার মানুষের ছোঁয়াই তাকে আবার জাগিয়ে তুলবে।







# Director

Sreemon Das

THE VEIL OF MYSTERY (RAHASYA KA PARDA)
India | 2024 | 89min

It is a captivating animated film featuring six intriguing mystery stories. Follow the adventures of Inspector Viki and Inspector Raghav as they solve complex cases with their exceptional courage, intelligence, and innovative approach. This thrilling anthology weaves together stories of bravery, honesty, and humanity.

এটি একটি অ্যানিমেটেড চলচ্চিত্র, যাতে ছয়টি কৌতূহল-মাখানো রহস্যের গল্প রয়েছে। ইনস্পেকটর ভিকি এবং ইনস্পেকটর রাঘব সাহস, বুদ্ধিমত্তা এবং উদ্ভাবনী পদ্ধতির সাহায্যে বিভিন্ন জটিল পরিস্থিতির সমাধান করে। এই রোমাঞ্চকর অ্যান্থোলজির মধ্যে আমরা দেখতে পাব মানবতা, সততা এবং সাহস।





# Director



Victor Fleming



King Vidor

## THE WIZARD OF OZ

USA | 1939 | 102min

When a tornado rips through Kansas, Dorothy Gale and her dog, Toto, are whisked away from their house to the magical Land of Oz. They follow the Yellow Brick Road to the Emerald City to meet the Wizard, and on the way, they meet a Scarecrow who wants a brain, a Tin Man who wants a heart, and a Cowardly Lion who wants courage. The Wizard asks them to bring him the Wicked Witch of the West's broom to earn his help.

মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যানসাসে বাস করে একটি মেয়ে ডরোথি গেল ও তার কুকুর টোটো। তুমুল ঘূর্ণিঝড় তাদের খামারবাড়ি থেকে উড়িয়ে নিয়ে যায় ওজ নামের এক বিচিত্র জাদু-শহরে। হলুদ ইটের রাস্তা ধরে তারা পান্না শহরে যায়, জাদুকরের সঙ্গে দেখা করতে। রাস্তায় তাদের দেখা হয় এক কাকতাড়ুয়ার, যে চায় একটি মস্তিষ্ক, টিনের এক মানুষ, যে একটি হৃদয় চায় এবং এক ভীতু সিংহ, যে সাহস চায়। জাদুকর তাদের পশ্চিমের দুষ্টু ডাইনির ঝাঁটা নিয়ে আসতে বলে, তবেই সে তাদের স্বপ্ন পূরণ করবে।







# Director

Martin Scorsese

## Hugo

UK/USA | 2011 | 126min

Orphaned and alone except for an uncle, Hugo Cabret lives in the walls of a train station in 1930's Paris. Hugo's job is to oil and maintain the station's clocks, but to him, his more important task is to protect a broken automaton and notebook left to him by his late father. Accompanied by the goddaughter of an embittered toy merchant, Hugo embarks on a quest to solve the mystery of the automaton and find a place he can call home.

১৯৩০-এর প্যারিস। একটি রেল স্টেশনে বাস করে পিতৃমাতৃহীন কিশোর হিউগো। হিউগোর কাজ হল স্টেশনের ঘড়িতে তেল দেওয়া এবং রক্ষণাবেক্ষণ করা। হিউগোর কাছে যত্নে রাখা আছে বাবার দেওয়া একটি ভাঙা অটোমেটন, যা একটি যান্ত্রিক পুতুল এবং একটি নোটবুক। এই দুটিকে সে যথেষ্ট গুরুত্ব দিয়ে আগলে রাখে। এক রাগি খেলনা বিক্রেতার মেয়ে ইসাবেলার সঙ্গে হিউগোর বন্ধুত্ব হয়। তার সাহায্যে হিউগো অটোমেটনের রহস্য সমাধান করার চেষ্টা করে।







# Director

Peter Tewksbury

## Emil and the Detectives

USA/Germany | 1964 | 69min

When Emil travels by bus to Berlin to visit his grandmother and his cousin, his money is stolen by a crook who specializes in digging tunnels. Emil must get the money back as it is for his grandmother. While following the thief, Emil runs into Gustav, an enterprising young boy who gathers up all his friends to help Emil find the money. Emil's cousin also gets involved and they get into more trouble than they bargained for when Emil's pickpocket turns out to be mixed up with a couple of notorious bank robbers.

এমিল বাসে করে বার্লিনে তার দিদিমা এবং মাসতুতো ভাইকে দেখতে যায়। বাসে এমিলের টাকা চুরি করে পালিয়ে যায় একটি পকেটমার, যে আবার মাটির নীচে সুড়ঙ্গ খুঁড়তে ওস্তাদ। এমিলকে তার দাদির টাকা ফেরত পেতে হবে। চোরকে খুঁজে বেড়ানোর সময় এমিলের সঙ্গে দেখা হয় গুস্তাভের। গুস্তাভ তার সমস্ত বন্ধুকে জড়ো করে এমিলকে টাকা খুঁজে পেতে সাহায্য করে। এমিলের খুড়তুতো ভাইও এই কাজে শামিল হয়। এই সাধারণ চুরির সন্ধান করতে গিয়ে ভয়ংকর ব্যাংক ডাকাতদের মুখোমুখি হয় এমিলেরা।







# বাংলা ছোটোদের ছবি একাই একশো পার!

শুভেন্দু দাশমুন্সী || অধ্যাপক, চিত্রনাট্যকার

দেখতে দেখতে ছোটোদের বাংলা ছবিও পার হয়ে গেছে একশো বছর। সেই ১৯২১-এ ‘ধ্রুবচরিত্র’ ছবি থেকে শুরু করলে একেবারে সেঞ্চুরির পরেও বছর চার পার। কত ধরনের ছবি যে তৈরি হল ছোটোদের জন্য। অ্যাডভেঞ্চার ছবি তো আছেই সে ভাণ্ডারে, আছে বিখ্যাত মানুষদের জীবনীভিত্তিক ছবি, হাসির ছবি, কল্পবিজ্ঞানের ছবি, খেলা নিয়ে ছবি এমন আরও কত কী! আর অবশ্যই আছে মানবিক মূল্যবোধের বিষয়টিকে মনে রেখে সম্পর্কের নানান কাহিনি। সত্যজিৎ রায়ের পাশাপাশি তপন সিংহও বেশ পরপর কয়েকখানি ছোটোদের ছবি করেছেন। ঋত্বিক ঘটক, মৃণাল সেন, ঋতুপর্ণ ঘোষও একটি করে হলেও ছোটোদের জন্য বানিয়েছেন ছবি। নবম শিশু কিশোর চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যেই ২০২০-তে প্রকাশিত হয়েছিল ‘ছোটোদের ছবির পথের পাঁচালি’। সে এক ছবিতে মোড়া ছোটোদের বাংলা ছবির ইতিহাস। এবারে ছোটোদের জন্য নবীন ও প্রবীণ পরিচালকদের ছবির সম্ভার থাকছে।

১৯৩৭ সালে লেখা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দুরন্ত অভিযান-কাহিনি ‘চাঁদের পাহাড়’কে সিনেমায় আনলেন কমলেশ্বর মুখোপাধ্যায়। যেমন জনপ্রিয় ছিল বিভূতিভূষণের উপন্যাস, তেমনই নতুন মাধ্যমেও দুরন্ত ভালো-লাগা তৈরি করল শঙ্করের এই অভিযান! কেউটিয়া গ্রাম থেকে সুদূর আফ্রিকায় শঙ্করের এই অভিযান-কাহিনি সব কালে ছোটোদের ভারী পছন্দের। দুই ধরনের দুই খোঁজ আর স্বপ্নপূরণের কাহিনি উজ্জ্বল বসু পরিচালিত ‘দুধ পিঠের গাছ’ আর পলাশ দাস পরিচালিত ‘ডানা মেলার গল্প’। একটি ছবিতে এক আশ্চর্য সন্ধান, আরেকটিতে গ্রামের কয়েক বন্ধুর ছায়াছবি বানাবার স্বপ্নসন্ধান। বিশ্ববিখ্যাত বাঙালি দাবাড়ু সূর্যশেখর গঙ্গোপাধ্যায়ের জীবনকাহিনির সূত্র ধরে খেলাতে অনুপ্রেরণার কাহিনি শোনা যায় ‘দাবাড়ু’তে। পরিচালক পথিকৃৎ বসু। নবীন পরিচালকদের হাতে নতুন দিনের বাংলা ছবি তৈরির ঘটনাটিও এখানে বিশেষভাবে লক্ষ করার মতো। ভরসা হয়, ছোটোদের বাংলা ছবি এবার এগোবে আর এক শতাব্দীর দিকে।

ব্যোমকেশ, ফেলুদা, কাকাবাবু, শঙ্কুর মতো সব চেনা সাহিত্যিক চরিত্রের বাইরে সিনেমাতে ছোটোদের জন্য ২০১৮-তে নতুন একটি চরিত্র তৈরি করেছিলাম, সোনাদা। হিস্ট্রির প্রফেসার সুবর্ণ সেন। তার সঙ্গে গুপ্তধনের সন্ধানে বেরিয়ে পড়ুক এখনকার ছোটোরা—ভাবনা ছিল এটাই। বাংলার ইতিহাসের সঙ্গে অ্যাডভেঞ্চার কাহিনির স্বাদ সেখানে। এই সিরিজের তিনটি ছবিই এবারের উৎসবে রয়েছে। উৎসবে থাকছে ছোট্ট জোজোর অভিযান-কাহিনি ‘অ্যাডভেঞ্চারস অফ জোজো’—চোরাশিকারিদের বিরুদ্ধে জোজোর এক লড়াইয়ের গল্প!

সত্যজিতের ছবি ছাড়া কি সম্পূর্ণ হয় ছোটোদের ছবির তালিকা? তাই অবশ্যই গুগাবাবা সিরিজের দ্বিতীয় ছবি ‘হীরক রাজার দেশে’ দেখে হাসতে হাসতে ভাবতে শিখবে আজকের ছোটোরা।

# A 100 Years of Children's Films and More

Shubhendu Dasmunshi || Professor, Screenwriter

It has been more than 100 years that movies are being made in Bengali for children, considering 'Dhruba Charitra' (1921) as the maiden venture in the genre. The century plus four years have witnessed a wide variety of children's films, ranging from adventure series, biographies of luminaries and Sci-fi films to comedies and sports movies, to name a few. Films on relationships and human values also occupy considerable space on this shelf. Apart from Satyajit Ray, Tapan Sinha also directed quite a few Bengali films for children. Ritwik Ghatak, Mrinal Sen and Rituparno Ghosh made one each atleast.

In 2020, on the occasion of 9th Kolkata Children's International Film Festival, 'Chhotoder Chhobir Pather Panchali', an illustrated history of children's films, was brought out. This year, contemporary and classic films for children are in the screening list.

'Chander Pahar', the thrilling adventure story by Bibhuti Bhushan Bandopadhyay published in 1937, has been brought to the screen by Kamaleswar Mukhopadhyay. Shankar's daring journey from Keutia village to faraway Africa has been an all-time favourite of young readers, and was also well-loved when it was adapted for a new medium.

Two different kinds of quests of dream-seekers have been depicted in Ujjwal Basu's 'Doodh Pither Gachh' (Rice Dumpling Tree) and 'Dana Melar Galpo' (Soaring Wings), directed by Palash Das. One tells the tale of a search for a wonderous world. Another narrates how some friends in a village dream of making a movie.

'Dabaru' is an inspirational film based on the life of world-renowned chess player from Bengal, Surya Shekhar Ganguly, which has been directed by Pathikrit Basu. A bunch of new filmmakers bringing new ideas to the table is a precursor for better times in Bengali children's films.

Other than popular characters like Feluda, Byomkesh, Kakababu, Professor Shanku, in 2018 a new adventure series for youngsters, involving the exploits of 'Sonada', or Subarna Sen, a History Professor, was introduced by me. The concept was to take youngsters through a historical journey in search of treasure. All three films of the adventure-meets-history series will be screened at the festival.

No film festival for children can be complete without Satyajit Ray. So, 'Hirak Rajar Deshe', the second film of the Goopy-Bagha adventures, will be there to offer the youngsters food for thought packed with entertainment.

# Bengali Panorama Film












# Director

## Dhrubo Banerjee

### Guptodhoner Sondhane

India | 2018 | 131min

Subarna Sen alias Sonada, an Oxford University professor, travels to India after the death of his maternal uncle. Subarna and his companions Abir and Jhinuk visit his ancestral mansion only to find that his dead uncle has left behind a series of clues for him to unearth the hidden treasure of the Mughal prince Shah Shuja kept secured within the property. Will the history professor succeed in unravelling the clues?

সুবর্ণ সেন ওরফে সোনাদা, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, তাঁর মামার মৃত্যুর পর ভারতে আসেন। সুবর্ণ তাঁর সঙ্গী আবির ও ঝিনুককে নিয়ে তাঁর আদি বাড়ি দেখতে যান। সেখানে গিয়ে সোনাদা জানতে পারেন, সেই বাড়িতে মোগল যুবরাজ শাহ সুজার গুপ্তধন লুকোনো আছে। মৃত মামা এই সম্পত্তি সুরক্ষিত রাখার জন্য একাধিক সূত্র রেখে গেছেন। সোনাদা কি এই সূত্রের জট কাটিয়ে গুপ্তধনের সন্ধান পাবেন?





## Durgeshgorer Guptadhan

India | 2019 | 133min Director Dhrubo Banerjee

Sona da with Abir and Jhinuk embark on his new adventure, a quest that will take them to the legendary Durgeshgor. During the journey they learn that the Debroy family, the erstwhile zamindars hold the key to a presumed treasure received from Krishna Chandra Roy after the battle of Plassey. But no one is sure where the treasure trove is. Against the vibrant backdrop of Durga Puja at the princely Debroy mansion, one after the other clues are revealed testing Sona da's wit and grit one more time.

সোনাদা, আবির এবং ঝিনুকের দ্বিতীয় অভিযান দুর্গেশগড়ে। পথে যেতে যেতে ওরা জানতে পারে যে, দেবরায় পরিবার পলাশির যুদ্ধের পর মহারাজা কৃষ্ণচন্দ্রর কাছ থেকে বিশাল ধনরাশি পায়। সেটি গুপ্তস্থানে লুকিয়ে রাখা হয়, কিন্তু কোথায় কেউ জানেন না। সেই গুপ্তধনের খোঁজেই এবার সোনাদার অভিযান। দুর্গাপুজোর প্রেক্ষাপটে রহস্য-রোমাঞ্চ, মজা, দুষ্টু লোক—সব কিছুই এই ছবিতে খুঁজে পাওয়া যাবে। আর পাওয়া যাবে কি সেই কৃষ্ণচন্দ্রর গুপ্তধন?





## Karnasubarner Guptodhon

India | 2022 | 128min Director Dhrubo Banerjee

Invited for a wonderful occasion, the trio, Subarna Sen aka Sona Da, Abir and Jhinuk, discover an old riddle and follow a perilous trail to find the hidden treasure of King Shashanka. As they face resistance from an old foe and their lives are put in danger, the quest for the greatest treasure becomes a menacing hunt for power and wealth. As Sona Da tries to unlock every clue and crack the riddle, his mind constantly gets challenged and his loved ones face threats the entire adventure hangs by a thread until he unearths one of the greatest treasures that Bengal has ever known.

একটি অনুষ্ঠানে যাওয়ার আমন্ত্রণ পেয়ে সুবর্ণ সেন ওরফে সোনাদা, আবিরলাল এবং ঝিনুক কর্ণসুবর্ণে যায়। ঘটনাচক্রে তারা সেখানে একটি পুরোনো ধাঁধা আবিষ্কার করে এবং রাজা শশাঙ্কর লুকোনো ধনসম্পত্তির খবর পায়। অন্যদিকে ভুজঙ্গ হাজরাও এই গুপ্তধনের খোঁজ শুরু করেন এবং সোনাদা ও তাঁর দলকে বিপদে ফেলার চেষ্টা করে। সোনাদা একের পর এক জটিল ধাঁধা সমাধান করে প্রাচীন গুপ্তধনের সন্ধান পেয়ে যান। ভুজঙ্গর সমস্ত বিরোধিতা সত্ত্বেও সোনাদা বাংলার এক অমূল্য সম্পদ আবিষ্কার করেন।







# Director

Ujjwal Basu

## Doodhpither Gachh

India | 2020 | 151min

Seven year old Gaur has speech disorder. He lives with his two elder sisters, and enjoys the pithe (sweet rice dumplings) served by his mother. One of the pithe's, he plants in the earth hoping that one day it will grow into a big tree. Gaur's belief in the plant growing is fanned by his grandmother. So much so that Gaur embarks on a journey with her. Imagination and reality go hand in hand as Gaur travels into his mind world.

ছোটো গৌর এই চলচ্চিত্রের কেন্দ্রীয় চরিত্র। তাঁর মা একদিন পিঠে বানালে, দুই বড়োবোনের সঙ্গে গৌর সেই পিঠে খুব আনন্দ করে খায়। এরই মধ্যে গৌর একটি পিঠে নিয়ে মাটিতে পুঁতে দেয়। সে বিশ্বাস করে, এখানে একদিন গাছ হবে, সেখানে অনেক পিঠে হবে। কিশোর-মনের কল্পনার ছবি ধরা পড়ে এখানে। এই কল্পনাকে মদত দেয় গৌরের দিদিমা। দিদিমার সঙ্গে সে পাড়ি দেয় ট্রেনে করে দুধপিঠের গাছের সন্ধানে।







# Director

Satyajit Ray

## Hirak Rajar Deshe

India | 1980 | 118min

The musician duo of Goopi Gyne and Bagha Byne make a comeback in this sequel, where they are invited to the court of the Hirak Raja (Diamond King), for their musical skills. They have to perform at the kingdom's Jubilee Celebrations. On reaching the kingdom, they find out that all is not well in the kingdom. There is exploitation of poor farmers and diamond-miners. There are sycophant courtiers, ruthless armies and a mad scientist with his Brain-washing machine. With the help of an upright school-master, Goopi and Bagha set out to correct the evils, with the help of their boons.

গুপী গাইন ও বাঘা বাইন জুটির দ্বিতীয় ছবি। হীরক রাজার দরবারে বর্ষপূর্তি অনুষ্ঠানে গান গাওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয় গুপী ও বাঘাকে। হীরক রাজ্যে এসে গুপী ও বাঘা বুঝতে পারে, হীরক রাজা অত্যাচারী ও খামখেয়ালি। এখানে দরিদ্র কৃষক ও হিরাখনি শ্রমিকদের ওপর শোষণ চালানো হয়, বিদ্যালয় বন্ধ করে ছাত্রদের পড়াশুনো থেকে সরিয়ে রাখা হয়েছে। অবাধ্য প্রজাদের মগজধোলাই করে রাজার গুণগান গাওয়ানো হয়। ভূতের রাজার দেওয়া বরের জোরে গুপী ও বাঘা, শিক্ষক উদয়ন পণ্ডিতের সাহায্যে সেইসব অশুভ শক্তিকে পরাস্ত করে।







# Director

## Raj Chakraborty

Adventures of Jojo

India | 2018 | 124min

Jojo, a young boy aged 12, lives with his parents in Kolkata. He dreams of the wilderness and the animals in it. Jojo goes to visit his uncle's home at Baropahari in Arunachal Pradesh. He befriends Shibu, a local boy, who is the son of a mahout (elephant rider) and an elephant named Noni. They take up a mission to stop a gang of poachers from killing Chenghiz, a huge tiger who is seen as the protector of the forest.

১২ বছরের জোজো ভালোবাসে প্রকৃতি ও বন্যপ্রাণীদের। অরুণাচলপ্রদেশের বড়োপাহাড়িতে বেড়াতে গিয়ে তার সঙ্গে আলাপ হয় মাহুতের ছেলে শিবুর। হাতি ননির সঙ্গে গড়ে ওঠে বন্ধুত্ব। ঘটনাচক্রে জোজো জড়িয়ে পড়ে এক রহস্যকাণ্ডে। সেই অঞ্চলে চোরাশিকারিরা শিকার করতে চায় বনের রাজা বাঘ চেঙ্গিজকে। জোজো আর শিবু কি পারবে তাদের শয়তানি বন্ধ করতে?







# Director

**Pathikrit Basu**

## Dabaru

India | 2024 | 131min

A young chess prodigy Surya, emerges from the streets of North Kolkata to achieve the prestigious title of Grandmaster. Through numerous challenges Surya gets support from his grandfather, mother and coach who serve as pillars of strength in his journey to success. The grit, determination and hard work that Surya puts in as he trains tells an inspiring tale. Despite his discpline Surya has his little boy moments.

দাবা খেলোয়াড় প্রতিভাবান সূর্যশেখর গঙ্গোপাধ্যায়ের জীবনী নিয়ে এই চলচ্চিত্র। উত্তর কলকাতায় বেড়ে-ওঠা এই কিশোর তার প্রতিভা ও পরিশ্রম দিয়ে মর্যাদাপূর্ণ খেতাব গ্র্যান্ডমাস্টার অর্জন করে। সূর্যর ঠাকুরদাদা, মা এবং প্রশিক্ষক এই প্রতিভাকে আগলে রাখেন, যাতে সমস্ত প্রতিরোধকে উপেক্ষা করে এই কিশোর খেলোয়াড় সফলতার দিকে এগিয়ে চলে। সূর্যর শৃঙ্খলাবোধ, দৃঢ়তা ও কঠোর অনুশীলন ছোটোদের কাছে অনুপ্রেরণা হয়ে ওঠে। তার কৈশোরে উপভোগ্য বেশ কিছু মুহূর্ত ছবিতে পাওয়া যায়।







# Director

Raja Chatterjee

## Manick Kakur Camera

India | 2024 | 124min

Manik Kakur Camera is a film about an aging cinephile who teaches a group of boys about cinema and encourages them to make a short film.

'মানিককাকুর ক্যামেরা' ছবিটি হল এমন একজন মানুষকে নিয়ে, যাঁর সিনেমার প্রতি প্রবল আগ্রহ। একদল উৎসাহী কিশোরকে সিনেমা সম্পর্কে তিনি শেখান এবং একটি শর্ট ফিল্ম তৈরি করতে উদ্বুদ্ধ করেন।







# Director

## Kamaleswar Mukherjee

### Chander Pahar

India | 2013 | 148min

Faced with the prospect of a dim future in his impoverished village, young Shankar bids farewell to his family in rural Bengal and makes a journey to the fabled "Mountain of The Moon" in search of gold and diamond mines. There are threats as vivid and varied as lurking snakes, pouncing lions, poisonous flora, the fury of an active volcano and a seemingly, almost supernatural mythical horror 'The Bunyip' the guardian angel of the diamond cave. Will Shankar be able to face these and make his dream come true?

বাংলার সাধারণ একটি গ্রামের দরিদ্র যুবক শঙ্কর, স্বপ্ন দ্যাখে, ভবিষ্যতে সে অনেক ধনসম্পত্তির মালিক হবে। তার স্বপ্নে হানা দেয় চাঁদের পাহাড়, যেখানে অনেক হিরে আছে। সাহসী শঙ্কর তার পরিবারকে বিদায় জানিয়ে সোনা ও হিরের খনির সন্ধানে কল্পিত ‘চাঁদের পাহাড়’-এর উদ্দেশে যাত্রা করে। আফ্রিকার যে জায়গায় সে পৌঁছোয়, সেখানে যে-কোনো মুহূর্তে সক্রিয় হতে পারে ঘুমন্ত আগ্নেয়গিরি। এ ছাড়া আছে বিষধর সাপ, হিংস্র পশুরাজ সিংহ, বিষাক্ত উদ্ভিদ, এবং কথিত অতিপ্রাকৃত ভয়ংকর ‘বুনিপ’, যে হীরক গুহাকে রক্ষা করে। শঙ্কর কি পারবে এসব মোকাবিলা করে তার স্বপ্ন পূরণ করতে?







# Director

Sayantan Ghosal

## Sagardwipey Jawkher Dhan

India | 2019 | 165min

Bimal and Kumar come to know about Radheshyam Dhar, who was a scientist. Radheshyam was very adventurous and many years back he had sighted a remote island in the South East Asian sea, where he discovered a stone named Red Mercury. Bimal and Kumar begin their quest for this strange stone made of a mythical compound. In this venture, Bimal comes across a doctor, Rubi Chatterjee. Rubi is also in search of the same mythical compound that is necessary to save the life of an Extraterrestrial child.

বিমল এবং কুমার রাধেশ্যাম ধর সম্পর্কে জানতে পারে, যিনি একজন বিজ্ঞানী ছিলেন। রাধেশ্যাম খুব দুঃসাহসী ছিলেন, বহু বছর আগে তিনি দক্ষিণ-পূর্ব এশিয়ার সমুদ্রে একটি প্রত্যন্ত দ্বীপে গিয়েছিলেন, যেখানে রেড মার্কারি নামে একটি বিশেষ ধাতুর তৈরি পাথর আবিষ্কার করেছিলেন। বিমল এবং কুমার এই ধাতুর খোঁজে তাদের অনুসন্ধান শুরু করে। এই অভিযানে তাদের সঙ্গী হয় ডাক্তার রুবি চ্যাটার্জি। রুবিও এই ধাতুর সন্ধানে রয়েছে, যা এক ভিন জগতের শিশুর জীবন বাঁচাতে প্রয়োজন।







# Director

## Palash Das

Dana Melar Golpo
India | 2024 | 93min

The film portrays an inspirational story of teenagers who overcome all odds and dare to live their hopes and dreams. The Film is set in in a village of Bengal, India where a teenage girl chooses to be different and chases her dreams overcoming all social obstacles and gender discrimination. In the film, main characters not only aspire and realise their dreams but also raise their voices against social evils. Their weapon is cinema, through which they can reach their message to everyone. A story of love, affection, friendship, sorrow, determination and victory is what the film is all about.

এই চলচ্চিত্র একদল কিশোর-কিশোরীর গল্প, যারা সমস্ত প্রতিকূলতাকে অতিক্রম করে তাদের আশা ও স্বপ্নকে বাঁচিয়ে রাখে। বাংলার পটভূমিকায় একটি মেয়ে মায়া এক অদ্ভুত স্বপ্ন দ্যাখে, তার সঙ্গী হয় দুই বন্ধু বাবলু ও আলি। এই কাহিনির প্রধান চরিত্ররা কেবল তাদের স্বপ্নের জন্যই লড়াই করে না, এক সামাজিক ব্যাধির বিরুদ্ধেও আওয়াজ তোলে। তাদের অস্ত্র সিনেমা, যার মাধ্যমে তাদের বার্তা সবার সামনে তুলে ধরা যায়। প্রেম, স্নেহ, বন্ধুত্ব এবং বিজয়ের গল্পই এই ছবিটির মুখ্য উপজীব্য।







# Director

## Saroj De

### Kony

India | 1984 | 131min

Khidda is a swimming coach who teaches swimming to underprivileged children. He picks Kony from a slum of Kolkata and grooms her to be part of the Bengal Swimming team to compete at the National Swimming Championship. However, politics, poverty and social stigma emerges as distinct roadblocks in their path.

ক্ষিদ্দা একজন সাঁতার কোচ, যিনি গরিব শিশুদের সাঁতার শেখান। তিনি কলকাতার একটি বস্তি থেকে কোনিকে নির্বাচন করেন এবং তাকে বাংলার জাতীয় সাঁতার দলে যোগদানের জন্য প্রস্তুত করতে থাকেন। ক্ষিদ্দার আশা, কোনি একদিন জাতীয় চ্যাম্পিয়নশিপ জিতে সবার আশা পূরণ করবে। কিন্তু রাজনীতি, দারিদ্র্য এবং সামাজিক অনুশাসন তাঁদের পথে বারবার বাঁধা হয়ে দাঁড়ায়।







# Director

Santi P. Choudhury

## Dakater Hatey Bulu

India | 1963 | 88min

Bulu and his cousin Anil are kidnapped by dacoit Ganesh and his gang when they fail to get money from their maternal uncle's house. Ganesh says that he'll free the children if they give him 10,000 rupees. Ganesh takes the children to his den. He develops feelings of love and affection for the children especially Bulu. He starts taking great care of them. Ganesh plans to save the children and hand them safely to their parents. Affection for the small girl brings about this change in dacoit Ganesh.

দুর্ধষ ডাকাত গণেশ, বুলু ও তার মামাতো ভাই অনিলকে মামার বাড়ি থেকে অপহরণ করে। ডাকাতের দল বাচ্চাদের মুক্তিপণ বাবদ দশ হাজার টাকা দাবি করে। গণেশ বাচ্চাদের তার ঘাঁটিতে নিয়ে যায়। কিন্তু গণেশের মনে ছোটো বুলুর প্রতি মায়া তৈরি হয়। বুলু ও অনিলের প্রতি বিশেষ যত্ন নেয় গণেশ এবং সুরক্ষিতভাবে তাদের বাবা-মায়ের কাছে ফেরত দেওয়ার পরিকল্পনা করে। ছোটো মেয়েটির প্রতি এই ভালোবাসা ডাকাত গণেশের মনে বিশাল পরিবর্তন আনে।







# ছবি আর বইয়ের মেলবন্ধন

দীপান্বিতা রায় || লেখক

আমরা যখন ছোটো ছিলাম, তখন অনেক বাঙালি বাড়িতেই সিনেমা দেখতে যেতে হলে বলা হত—বই দেখতে যাব। কথাটা এখনও যে বলা হয় না তাও কিন্তু নয়। কারণটা কী বলো তো? আসলে অধিকাংশ সিনেমায় তো একটা গল্প থাকে। সেই সময় বাংলা সিনেমা বেশির ভাগই তৈরি হত কোনও না কোনও বিখ্যাত সাহিত্যিকের লেখা গল্প-উপন্যাসের ওপর ভিত্তি করে। সাহিত্য এবং সিনেমার এই পারস্পরিক নির্ভরতার ব্যাপারটা তাই চিরকালই ছিল খুব স্বাভাবিক। আসলে সিনেমা তৈরি করতে যদি একটা গল্প লাগে তাহলে সেটা কোনও সাহিত্যিকের লেখা থেকে বেছে নেওয়াই সহজ কাজ। তা ছাড়া একটা গল্প বা উপন্যাস যদি আগেই প্রকাশিত হয়ে থাকে তাহলে পাঠকদের সেটা পছন্দ হয়েছে কি না তারও একটা প্রাথমিক পরীক্ষা হয়ে যায়। তবে সব সময়ই যে জনপ্রিয় গল্প থেকে তৈরি ছবি সফল হয়েছে, তেমনটা নয়। অনেক সময় মানুষের খুব পছন্দের গল্প থেকেও ছবি তৈরি করে পরিচালক ব্যর্থ হয়েছেন। আবার উলটোটাও হয়েছে। গল্প নিয়ে তেমন কেউ মাথা ঘামায়নি। কিন্তু ছবি তৈরির পর তা নিয়ে হইচই পড়ে গেছে। আসলে সাহিত্য আর সিনেমা হল দুটো আলাদা মাধ্যম। তাদের পরস্পরের ওপর নির্ভরতা থাকতেই পারে, কিন্তু প্রকাশটা আলাদা হতে বাধ্য।

সাহিত্য আর সিনেমার এই নির্ভরতার বিষয়ে কথা বলতে গেলে প্রথমেই যে ছবির কথা বলতে হয়, ভারতীয় সিনেমার মোড় ঘুরিয়ে দিয়েছিল যে ছবি, সেই 'পথের পাঁচালী' তৈরি হয়েছিল বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস থেকে। আরও নির্দিষ্টভাবে বলতে গেলে, 'পথের পাঁচালী' উপন্যাসের একটি ছোটো অংশ প্রকাশিত হয়েছিল 'আম আঁটির ভেঁপু' নাম দিয়ে। বইটির প্রচ্ছদ ও চিত্রাঙ্কন করেন সত্যজিৎ রায়। সত্যজিৎ রায়ের অধিকাংশ ছবিই সাহিত্যনির্ভর। খগেন্দ্রনাথ মিত্রর লেখা 'ভোম্বল সর্দার' উপন্যাস থেকে ছবি তৈরি করেছিলেন নৃপেন গঙ্গোপাধ্যায়। সেই ছবি জাতীয় পুরস্কার পেয়েছিল। শিবরাম চক্রবর্তীর একেবারে অন্যরকম উপন্যাস থেকে ঋত্বিক ঘটক তৈরি করেছিলেন তাঁর বিখ্যাত ছবি 'বাড়ী থেকে পালিয়ে'। এমনকি মৃণাল সেন যে একটিমাত্র ছোটোদের ছবি তৈরি করেছিলেন, সেটিও ছিল রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'ইচ্ছাপূরণ' গল্পের অবলম্বনে। আসলে সাহিত্যনির্ভর ছবি করার অভ্যাস শুধু যে বাঙালি কিংবা ভারতীয় পরিচালকদের তা কিন্তু মোটেই নয়। সারা বিশ্বেই বিভিন্ন সময়ে তৈরি হয়েছে রীতিমতো ধ্রুপদি সাহিত্যনির্ভর ধ্রুপদি ছবি, ছোটোদের এবং বড়োদের জন্যও। ছোটোদের ছবির কয়েকটা নাম বললে তোমরাও চিনতে পারবে। যেমন—ট্রেজার আইল্যান্ড, টোয়েন্টি থাউজ্যান্ড লিগস আন্ডার দ্য সি, থ্রি মাসকেটিয়ারস, বেন-হার... নামের তালিকা রীতিমতো দীর্ঘ। পরবর্তী সময়ে যখন অ্যানিমেশন ছবির রমরমা শুরু হল, তখনও কিন্তু নির্মাতারা ছবি করেছেন কখনও প্রচলিত রূপকথার গল্প থেকে, কখনও আবার আরব্য রজনির দুনিয়া থেকে।

সিনেমা তার একেবারে শুরুর দিন থেকেই সাহিত্যের হাত ধরে থেকেছে। সেই বাঁধন এখনও আলগা হয়নি।

# Symbiotic Relationship

Dipanwita Roy||Writer

In our childhood, many Bengalis referred to films as 'books'. Some still do the same. The reason is quite simple. Majority of films tell a story. Bengali films at that time were mostly based on short stories or novels by acclaimed writers. This connection between books and cinema prompted people to describe whatever they were watching on the silver screen as as “boi” (book).

Thus, books and cinema always had a symbiotic relationship. In fact, if you require a story for a film, it’s easier to pick one from the work of a litterateur. Moreover, a published story has already gone through the crucial test of reader response. It is less risky to make a film from a story that has won the hearts of the people. There are exceptions to this rule, though. It’s not always that a film based on a popular novel tastes box office success. On the other side, there are examples of relatively unknown stories being turned into much-acclaimed movies. After all, as a medium, Cinema is different from Literature.

A discussion about the relationship between Cinema and Literature cannot be initiated without mentioning "Pather Panchali" (Song of the Road) which marked a turning point in the history of Indian Cinema. The movie was adapted by Satyajit Ray from the novel of the same name by Bibhuti Bhushan Bandopadhyay, more specifically, from Aam Aantir Bhenpu, an abridged version of the classic that was illustrated by him. Ray depended on literature for most of his films. Nripen Gangopadhyay brought 'Bhombal Sardar' by Khagendranath Mitra to the screen, and it earned him a national award. Ritwik Ghatak crafted a masterpiece from Shibram Chakraborty’s extraordinary tale, 'Bari Theke Paliye' (Away form Home); even Mrinal Sen, who directed only one film for children, based it on Rabindaranath Tagore’s short story 'Ichchhapuran' (Wish Fulfillment).

Not only filmmakers from Bengal or India, but from across the world have often relied upon literature to create classic films–for children and adults alike. Some of these, are Treasure Island, Twenty Thousand Leagues Under the Sea, The Three Musketeers, Ben-Hur...the list is long. When animation films entered the market, the makers preferred traditional fairytales or stories from Arabian Nights.

Cinema, since its inception, has forged a bond with books which is still intact. Even today, if a director wants a good plot for his film, he looks into the treasure trove of world literature.

# Literature & Cinema





# Director

**Wes Anderson**

## Fantastic Mr. Fox

USA | 2009 | 87min

After 12 years of bucolic bliss, Mr. Fox breaks a promise to his wife and raids the farms of their human neighbours, Boggis, Bunce and Bean. Giving in to his animal instincts, he endangers not only his marriage but also the lives of his family and their animal friends. When the farmers force Mr. Fox and company to go underground, he has to resort to his natural craftiness to rise above the opposition.

দীর্ঘদিন ধরে মিস্টার ফক্স ও তার পরিবার এবং মানুষেরা পাশাপাশি বসবাস করে। একদিন মিস্টার ফক্স তার স্ত্রী-র কাছে দেওয়া প্রতিশ্রুতি ভঙ্গ করে এবং তাদের মানব প্রতিবেশী, বগিস, বান্স এবং বিনের খামারে হামলা চালায়। পশুপ্রবৃত্তির কাছে নতিস্বীকার করে মিস্টার ফক্সের এই আচরণ, শুধু নিজেকে নয়, তার পরিবার এবং তাদের বন্ধুদের জীবনকেও বিপন্ন করে। কৃষকরা মিস্টার ফক্স এবং তার দলবলকে কোণঠাসা করে আটকে রাখে। সেখান থেকে উদ্ধার পেতে মিস্টার ফক্সকে বিভিন্ন কৌশল অবলম্বন করতে হয়।







# Director

Srijit Mukherji

## Mishawr Rawhoshyo

India | 2013 | 148min

Al Mamun, an Egyptian business tycoon, asks his friend Kakababu to help him decode some hieroglyphic symbols that will help trace the will of his teacher, Mufti Mohammad.

Kakababu leaves for Egypt with his nephew Santu. As they visit the pyramids they wonder what secrets are hidden in them and in the depths of the vast desert of Egypt? Is there any unknown danger lurking for Kakababu and Santu?

মিশরের ধনী ব্যবসায়ী আল মামুন তাঁর বন্ধু কাকাবাবুকে কিছু হায়ারোগ্লিফিক চিহ্নের পাঠোদ্ধার করতে অনুরোধ করেন। এই চিহ্নগুলির মধ্যে লুকিয়ে আছে আল মামুনের শিক্ষক মুফতি মোহাম্মদের শেষ ইচ্ছে। কাকাবাবু তাঁর ভাইপো সন্তুকে নিয়ে মিশরের উদ্দেশে রওনা দিলেন, মিশরের পিরামিড, দিগন্তবিস্তৃত মরুভূমির মধ্যে কোন রহস্য লুকিয়ে আছে, তার খোঁজে। কাকাবাবু ও সন্তুর জন্য কি কোনও অজানা বিপদ ওঁত পেতে আছে?






## Kakababur Protyaborton

India | 2022 | 136min Director Srijit Mukherji

Kakababu and Santu go on a trip to the great Masai Mara Game Reserve in Kenya, where they learn about missing tourists and a string of problems. But, soon, they get sucked into the mystery surrounding two missing German tourists and a dangerous game of life and death ensues.

কাকাবাবু এবং সন্তু কিনিয়ার বিখ্যাত মাসাইমারা রিজার্ভ ফরেস্ট-এ ঘুরতে যান। সেখানে গিয়ে তাঁরা জানতে পারেন যে, বেশ কিছু পর্যটক নিখোঁজ হয়ে যাচ্ছেন। কাকাবাবু এর সন্ধান করতে গিয়ে জঙ্গলের মধ্যে বিপজ্জনক রহস্যের মধ্যে জড়িয়ে পড়েন। কাকাবাবু ও সন্তু কি পারবেন এই রহস্যের জাল কেটে বেরিয়ে আসতে?








# Director

Sandip Ray

## PROFESSOR SHONKU O EL-DORADO

India | 2019 | 90min

This is an adventure story of the fictional genius scientist and inventor Professor Shonku visiting the heart of the Amazon forests in search of the mythical city of El Dorado. One day, a typical Bengali gentleman Nakur Chandra Biswas alias Nakur Babu comes to meet him. Nakur Babu has supernatural powers of being able to read others' minds and see the future. Nakur Babu warns Professor Shonku about his upcoming visit to São Paulo. Seeing his extrasensory powers, an amazed Shonku takes Nakur Babu to Brazil for a science conference and the mystery that begins ends in the fabled city of El Dorado deep inside the Brazilian Amazon.

বিজ্ঞানী এবং উদ্ভাবক অধ্যাপক শঙ্কু তাঁর নানারকম আবিষ্কারের জন্য বিখ্যাত। একদিন একজন বাঙালি ভদ্রলোক নকুড়চন্দ্র বিশ্বাস গিরিডিতে শঙ্কুর সঙ্গে দেখা করতে আসেন। নকুড়বাবু অলৌকিক ক্ষমতাবলে অন্যের মন পড়তে পারেন এবং ভবিষ্যৎ দেখতে পারেন। ইতিমধ্যে ব্রাজিলের সাও পাওলোতে একটি বিজ্ঞান সম্মেলনে যোগ দেবার আমন্ত্রণ আসে অধ্যাপক শঙ্কুর কাছে। নকুড়বাবু তাঁকে সাও পাওলোতে আসন্ন ঘটনা সম্পর্কে সতর্ক করেন। নকুড়বাবুর অলৌকিক ক্ষমতা দেখে শঙ্কু নকুড়বাবুকে নিয়ে ব্রাজিলে যান। সেখানে পৌরাণিক শহর এল-ডোরাডোর সন্ধানে আমাজনের গভীর জঙ্গলে এক রহস্যে জড়িয়ে পড়েন প্রোফেসর শঙ্কু।





## Nayan Rahasya

India | 2024 | 114min Director Sandip Ray

Magician Mr. Tarafdar finds a boy Nayan with exceptional numerical abilities. He takes him to Chennai for his show. Feluda is asked to ensure the boy's safety and he gets involved in a subsequent murder case of Mr. Hingorani. Feluda and his two companions Topse and Jatayu get entangled in various adventures, some thrilling and others dangerous.

জাদুকর মিস্টার তরফদার নয়ন নামের একটি ছেলেকে খুঁজে পায়, সংখ্যাতত্ত্বের ওপর যার এক ব্যতিক্রমী ক্ষমতা আছে। সে তাকে তার শো করার জন্য চেন্নাই নিয়ে যায়। ছেলেটির নিরাপত্তা নিশ্চিত করতে, ফেলুদা নয়নের সঙ্গে চেন্নাই যায়। সেখানে ফেলুদা একটি হত্যা মামলায় জড়িয়ে পড়ে। রহস্যের জাল কেটে ফেলুদা, জটায়ু ও তোপসে কি পারবে সঠিক অপরাধীকে ধরিয়ে দিতে?







# Director

## Sreemon Das

### Saat Sukumar & Upendrakishore

India | 2023 | 61min

Sukumar Ray, a luminary of Bengali literature, left any indelible mark in the world of children's literature with his iconic creation, "Aboltabol". This mesmerising collection of nonsense verses has captivated readers of all ages. "Saat Sukumar" brings these timeless classics to life through vibrant animation, featuring seven popular poems from "Aboltabol".

"Tuntunir Golpo" is a Bengali children's classic written by the esteemed author Upendrakishore Raychowdhury. This charming tale follows the adventures of a talking bird. "Tuntunir Golpo" has enchanted readers for generations.

সুকুমার রায় বাংলার একজন উজ্জ্বল লেখক, যাঁর সৃষ্টি ‘আবোল তাবোল’ শিশুসাহিত্যের এক অতুলনীয় সম্পদ। এঁর প্রত্যেকটি রচনা ছোটোবড়ো সবাইকে মুগ্ধ করে রাখে আজও। ‘সাত সুকুমার’ এই কাল্পনিক ক্লাসিকগুলিকে জীবন্ত করে তোলে প্রাণবন্ত অ্যানিমেশনের মাধ্যমে, যেখানে ‘আবোল তাবোল’ থেকে সাতটি প্রিয় কবিতার উপস্থাপন করা হয়েছে।

‘টুনটুনির গল্প’ স্মরণীয় লেখক উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর চিরায়ত সৃষ্টি, যা বাংলা শিশুসাহিত্যের সম্পদ। এই কাহিনি একটি কথা-বলা পাখি টুনটুনির নানা ঘটনাকে বর্ণনা করেছে। উপেন্দ্রকিশোরের অসাধারণ গল্প বলার ভঙ্গিমা আজও সবাইকে আকর্ষণ করে।







# বিশ্ব জুড়ে ছোটোদের ছবি

নির্মল ধর || চলচ্চিত্র সমালোচক

ছোটোদের সিনেমা বা ছবি বানালে কেউ কেউ মনে করেন, ছবিতে শিশু বা কিশোর চরিত্র থাকলেই বুঝি হয়ে গেল। তাঁরা যদি আব্বাস কিয়ারোস্তামি বা জাফর পানাহির কিছু ছবি দেখেন—বুঝতেই পারবেন না—ছোটো বয়সি চরিত্রদের ক্যাটালিস্টের মতো ব্যবহার করে শুধু বড়োদের কথা নয়, এই সমাজের অনেক কঠিন বক্তব্যও প্রকাশ করেছেন তাঁরা। একটা সময়ে তো ইরানি সিনেমায় কিশোর চরিত্ররাই ছিল প্রধান প্রোটাগনিস্ট। কিন্তু সেগুলো কখনোই 'ছোটোদের জন্য' সিনেমা হয়নি। তবে হ্যাঁ, ছোটোদের জন্য আলাদাভাবেই ইরান নিয়মিত সিনেমা তৈরি করে। তার কিছু নমুনা এবারের উৎসবেও দেখা যাবে।

আমি তাই ইরানকে সরিয়ে রেখে ইউরোপের মাঝারি ও ছোটো মাপের তিন-চারটি দেশের ছবির কথা বরং শোনাই তোমাদের।

*পোল্যান্ড*—দ্বিতীয় মহাযুদ্ধে বিধ্বস্ত দেশ। পুরোপুরি সরকারি নিয়ন্ত্রণে থাকা ফিল্ম ইন্ডাস্ট্রি। তবুও বহু বছর ধরেই শিশু-মনের উপযোগী সিনেমা তৈরিতে এগিয়ে এসেছেন প্রবীণ এবং নবীনের দল। ক্লাসিক পোলিশ সিনেমা হিসেবে এখনও ধরা হয় ১৯৬৬-তে তৈরি স্ট্যানিস্ল জেদ্রিকার 'মাই বেটস অন তোলেক বানা'। আদম বেহদাজের গল্প চার বেপরোয়া কিশোরকে নিয়ে। শুধুই ছোটোদের শেখানো নয়, ছবিটা যথেষ্ট উপভোগ্য-এন্টারটেনিংও বটে।

স্ট্যানিস্লর পরে এলেন ইয়ানুস নাসফেতের। ওঁর তৈরি দুটো ছবি 'বাটারফ্লাইজ' এবং 'কালারফুল স্টকিং' ছোটোদের পোলিশ সিনেমায় এখনও 'মাস্টারপিস' হিসেবে চিহ্নিত। স্ট্যানিস্ল ছোটো বা খুদে দর্শককে শিক্ষাদানের পাশাপাশি আনন্দ দিতেও প্রয়াসী ছিলেন। নাসফেতের ছিলের আরও বাস্তববাদী।

*হাঙ্গেরি*—১৯৭৫ সালে তৈরি 'হিউগো দ্য হিপ্পো'ও অ্যানিমেশন সিনেমা। পরিচালক ছিলেন উইলিয়াম ফাইগেনবাউম। অ্যানিমেশনের কাজটা করেছিলেন হাঙ্গেরিয়ান জোসেফ গেমেস। আফ্রিকার বিখ্যাত সমুদ্রবন্দর জাঞ্জিবারে একসময় ভীষণাকৃতি হিংস্র হাঙরের দৌরাত্ম্যে বন্দরের কাজ বন্ধ হবার উপক্রম হলে দেশের সুলতান এক ডজন হিপ্পোকে নিয়ে আসে হাঙরদের তাড়ানোর জন্য। সেই দলে ছিল হিউগো নামের এক বাচ্চা হিপ্পো। হিপ্পোদলের ভয়ে হাঙরেরা পালিয়ে গেলে দেশের সুলতান তখন নৃশংসভাবে খুন করে এগারোটা হিপ্পোকে। বেঁচে যায় শুধু হিউগো। ছোটোবড়ো সব্বার ছবি 'হিউগো দ্য হিপ্পো'!

*চেক প্রজাতন্ত্র*—রাজধানী প্রাগে তো বটেই, কার্লোভি ভ্যারি-সহ অন্যান্য শহরেও দেখেছি, সকাল থেকে রাত পর্যন্ত ছোটোদের জন্য একটা না একটা টিভি চ্যানেল চলছেই। কার্টুন-অ্যানিমেশন ছবির ভিড় সেখানে। আবার সাধারণ ফিচার ছবিও রয়েছে। যেমন ধরা যাক 'থ্রি উইশেস অব সিন্ডারেলা' বা সেই লম্বা নাকওয়ালা পিনোকিওর গল্প। এবারের উৎসবে পৃথিবীর ভিন্ন দেশে তৈরি ছোটোদের বহু উপভোগ্য ছবি রয়েছে।

# Children's Films from Around theWorld

Nirmal Dhar||Film Critic

There are some people who think that having a few child characters in a film makes it a children's film. If they watch a few films of Abbas Kiarostami or Jafar Panahi, they will realise how children have been used as catalysts to deliver messages to a matured audience and to raise complex issues regarding the society. There was a time when films from Iran mostly had young characters as protagonists, but those movies cannot be categorised as children's films. Of course, Iran regularly produces movies for children, some of which will be there at the festival this time.

Let me leave Iran aside and tell you about films from some smaller countries of Europe.

Poland-- Ravaged by the 2nd World War, with the film industry fully under State control, one still saw initiatives by young and veteran filmmakers for many years to create movies for children. Stanislaw Jedryka's 'My Bets on Tolek Bana' is still considered a classic. Based on a story by Adam Bahdaj about four youngsters, it has elements which are educative for children but is enjoyable and entertaining at the same time.

After Stanislaw, one can name Janusz Nasfeter. Two of his films for children–'Butterflies' and 'Coloured Stockings'- are considered as masterpieces. Stanislaw aimed to entertain and educate the young viewers. Nasfeter is more of a realist.

Hungary- The1975 films 'Hugo the Hippo' is popular animation film from Hungary the director is William Feigenbaum. The animation was done by Hungarian Jozsef Gemes. The Sultan of port Zanzibar is faced with a problem, his harbour is infested by sharks to solves the problem his brings in 12 hippos and the ploy works. Once his work is done the Sultan kills the hippos in a cruel act of ingratitute. There was a baby hippo called Hugo who got saved by some children. This is a film for both young and old.

Czech Republic- Both in the capital Prague as well as in other cities like Karlovy Vary, I have seen there are TV channels for children running all day, mainly showing animation films. There are some excellent feature films which are specfically for the young, like the 'Three Wishes of Cinderella' or the story of that long-nosed Pinocchio. This year's festival is screening entertaining children's films made in many countries of the world. Just come, watch and get enriched.

# WORLD CINEMA













# Director

Joaquim Dos Santos

Kemp Powers

Justin K. Thompson

## Spider-Man: Across the Spider Verse

USA | 2023 | 140min

Spider-Man: Across the Spider-Verse (2023) continues the story of Miles Morales. Miles, now growing into his role as Spider-Man, reunites with Gwen Stacy, who introduces him to a secret team of Spider-People from different dimensions. Their mission is to protect the multiverse from collapsing. However, Miles discovers that his actions as Spider-Man could lead to a dangerous event in his own universe. This puts him at odds with the Spider-People, especially their leader, Miguel O'Hara (Spider-Man 2099). As tensions rise, Miles must find his own path to save his world and protect his loved ones.

মাইলস মোরালেসের গল্প নতুন পর্যায় পৌঁছোয়। মাইলস ধীরে ধীরে নিজের পরিচয় স্পাইডার-ম্যান হিসেবে গড়ে তোলার সময় দেখা করে গ্যোয়েন স্টেসির সঙ্গে। গ্যোয়েন তাকে এক গোপন 'টিম'-এর সঙ্গে পরিচয় করিয়ে দেন, যেখানে বিভিন্ন ধরনের 'স্পাইডার-পিপল' একত্রিত হয়েছে মাল্টিভার্সকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার স্বার্থে। তবে মাইলস জানতে পারে যে স্পাইডার-ম্যান হিসেবে তার কিছু কাজ, তার নিজস্ব জগতেও বিপজ্জনক ঘটনা ঘটাতে পারে। এর ফলে তার ও স্পাইডার-পিপলদের, বিশেষত তাদের নেতা মিগুয়েল ও'হারা (স্পাইডার-ম্যান ২০৯৯)-র মধ্যে সংঘাত বাধে। এই উত্তেজনাপূর্ণ পরিস্থিতিতে, মাইলসকে নিজের পথ খুঁজে বের করতে হয়।







# Director

## Paul Feig

### Ghostbusters: Answer the Call

USA | 2016 | 124min

The film follows a new team of paranormal investigators in New York City, led by a physics professor along with a paranormal researcher, a nuclear engineer and subway worker to form a new Ghostbusters team. As they investigate increasingly violent paranormal occurrences, they uncover a sinister plot by a man who plans to open a portal to the world of Spirit. The film features a mix of comedy, action, and supernatural elements, with an all-female main cast.

ছবিটির গল্প অনুযায়ী একজন বিজ্ঞানী এরিন গিলবার্ট তাঁর প্রাক্তন সহকর্মী অ্যাবি ইয়েট্স, ইঞ্জিনিয়ার জিলিয়ান হোল্টজম্যান এবং একজন স্থানীয় সাবওয়ে কর্মী প্যাটি টোলানকে নিয়ে নিউ ইয়র্কে প্যারানর্মাল অ্যাকটিভিটির তদন্ত করতে নতুন একটি 'গোস্টবাস্টারস' দল গঠন করে। ছবিতে দেখা যায়, নিউ ইয়র্ক শহর জুড়ে ভূতের রাজত্ব চলছে। শহরটিকে উদ্ধার করার চেষ্টা করাকালীন তাদের সাধারণ মানুষ ও দেশের আইনশৃঙ্খলা বাহিনীর সন্দেহের সম্মুখীন হতে হয়।







# Director

## Hossein Ghanaat

Selfi Ba Rostam (Selfie With Rostam)
Iran | 2019 | 99min

Helia and her father, who live a peaceful life in the absence of their mother, experience profound changes when two people enter their lives and learn about untold secrets. In this film, violence is fantasy and there is very little fear and abnormality. Also, the high level of message, positive pattern and happy ending makes this movie suitable for family viewing.

হেলিয়া এবং তার বাবা, হেলিয়ার মায়ের অনুপস্থিতিতে শান্তিপূর্ণ জীবনযাপন করে। তাদের জীবনে দুটি মানুষের আগমনে, হেলিয়ার মনে পরিবর্তন হয় এবং অজানা নানা তথ্য জানতে পারে। এই চলচ্চিত্রে ভয় এবং অস্বাভাবিকতা থাকলেও কিছু ভালো বার্তা, ইতিবাচক দিক এবং সুখী পরিণতি এই চলচ্চিত্রটিকে সপরিবার দেখার উপযোগী করে তোলে।







# Director

Babak Lotfi Khajepasha

## In the Arms of the Tree

Iran | 2023 | 82min

The film explores the emotional turmoil of a family. Kimia and Farid, married for 12 years, face a crisis that disrupts the peaceful world of their children, who have only known kindness and simplicity. As their strained relationship unravels, a pivotal event compels the family to reassess their priorities and connections.

এই চলচ্চিত্রটি একটি পরিবারের সংকটকে কেন্দ্র করে নির্মিত। কিমিয়া ও ফরিদ, যারা বারো বছর ধরে বিবাহিত, এক সংকটের মুখোমুখি হয়, যা তাদের শান্তিপূর্ণ পারিবারিক জীবনে ঝড় তোলে। তাদের সন্তানেরা, যারা এতদিন শুধুই সরলতা আর ভালোবাসা দেখেছে, এখন পারিবারিক টানাপোড়েনের মুখোমুখি হয়। এই অস্থিরতা যখন চূড়ান্ত পর্যায়ে পৌঁছোয়, তখন এক গুরুত্বপূর্ণ ঘটনা তাদের নিজেদের সম্পর্ক এবং পারিবারিক বন্ধনকে নতুনভাবে দেখার সুযোগ করে দেয়।







# Director

## Seyed Ahmad Alamdar

### A Passenger from Ganora

Iran | 2023 | 94min

The animated science fiction film tells the story of a boy with disability who teams up with friendly aliens to locate their lost queen on Earth. Their mission is critical to restoring peace in the distant planet of Ganora, but their efforts are threatened by another alien faction determined to stop them.

এক বিশেষভাবে সক্ষম ছেলে, পৃথিবীতে আসা বন্ধু এলিয়েনদের সঙ্গে যোগ দেয় তাদের হারিয়ে-যাওয়া রানিকে খুঁজে বের করার অভিযানে। এই অভিযান শুধু সেই এলিয়েনদের গ্রহ, গানোরায়, শান্তি ফিরিয়ে আনার জন্যই গুরুত্বপূর্ণ নয়, বরং এটি তাদের অস্তিত্বরক্ষার জন্যও প্রয়োজনীয়। প্রতিদ্বন্দ্বী এলিয়েন গোষ্ঠী অবশ্য এই প্রচেষ্টাকে বাধা দেবার জন্য উদ্যত হয়।







# Director

## Daniel Panek

### Deti Nagana (Big Dream)

Czechoslovakia | 2023 | 102min

A family film that follows the journey of Dominik, a schoolboy who dreams of playing ice hockey. Determined to pursue his passion, he assembles a group of boys to form a team. Their goal is to challenge the older boys from a neighboring village to a match. Amidst this endeavour, Dominik also seeks the attention and favour of his classmate, Katka. The film beautifully portrays the themes of determination, friendship, and youthful ambition, highlighting the challenges and triumphs that come with pursuing one's dreams.

ডমিনিক নামের এক স্কুলছাত্রের গল্প, তার স্বপ্ন আইস হকি খেলোয়াড় হিসেবে প্রতিষ্ঠিত হওয়া। সে উদ্দেশে সে তার গ্রামের ছেলেদের নিয়ে একটি দল গঠন করে। তাদের লক্ষ্য পাশের গ্রামের বড়ো ছেলেদের সঙ্গে একটি ম্যাচ খেলা। এর পাশাপাশি, ডমিনিক তার সহপাঠী কাটকার মনোযোগ আকর্ষণের চেষ্টা করে। এই চলচ্চিত্রটি বন্ধুত্ব, তারুণ্যের উচ্চাশা, তাদের স্বপ্ন সফল হওয়ার গল্প বলে।







# Director

## Haipeng Sun

Xiong Shi Shaonian (I Am What I Am)
China | 2021 | 104min

A young Cantonese village boy must overcome self-doubt, ridicule and classism to realise his dream of competing in the Guangzhou Lion Dancing championship. But people around him make fun of his desire. Will the young boy overcome all obstacles and fulfil his dream?

ক্যান্টোনিজ গ্রামের একজন তরুণ অংশগ্রহণ করতে চায় গুয়াংঝো সিংহ নৃত্য প্রতিযোগিতায়। কিন্তু তার মধ্যে দেখা যায় আত্মবিশ্বাসের অভাব, চারপাশের লোকজন তাকে নিয়ে উপহাস করে। এই সমস্ত প্রতিবন্ধকতা অতিক্রম করে সে কি তার স্বপ্ন পূরণ করতে পারবে?







# Director

## Muye Wen

### Ben Xiao Hai (Nice View)

China | 2022 | 106min

20-year-old Jing Hao came to Shenzhen to live with his young sister alone. The siblings live a warm yet strained life. In an effort to pay for his sister's expensive surgery, Jing Hao gets an opportunity by chance; thinking that a better life is ahead he is upbeat, but unexpectedly encounters a serious setback. Under the pressure of both time and money, Jing Hao, who has no way out, decides to take a desperate gamble. Can this ignite the spark of hope for his troubled ordinary life?

২০ বছর বয়সি জিং হাও শেনজেনে এসে তার ছোটোবোনের সঙ্গে একা বসবাস শুরু করে। ভাইবোনের জীবন উষ্ণ বন্ধুত্বের হলেও সংকটাপন্ন। তার বোনের মহামূল্য অপারেশনের খরচ মেটানোর চেষ্টা করতে গিয়ে জিং হাও একটি কাজের সুযোগ পায়, সে মনে করে যে, তার জীবনে উন্নতির আভাস এসেছে, কিন্তু অপ্রত্যাশিতভাবে একটি বড়ো বাধার সম্মুখীন হয়। সময় এবং টাকার চাপের মধ্যে জিং হাওয়ের পিঠ দেয়ালে ঠেকে যায়। সামনে কোনও পথ দেখতে পায় না। অবশেষে একটি ঝুঁকিপূর্ণ সিদ্ধান্ত সে নেয়। এই সিদ্ধান্ত কি তার দুর্দশাগ্রস্ত সাধারণ জীবনে আশা জাগাতে পারবে?








# Director

## Winfried Oelsner

Max und die Wilde 7: Die Geister-Oma (Max and the Senior Squad)
Germany | 2024 | 94min

The story follows 10-year-old Max, who lives with his mother in the Burg Geroldseck retirement home. There, he befriends three adventurous seniors: Vera, Horst, and Kilian. Facing bullying at school and exclusion from the football team by his sports teacher, Max finds support in his elderly friends. Horst, a former football coach, challenges the school team to a match: Max and the seniors against the students. Who will ultimately win?

গল্পটি ১০ বছর বয়সি ম্যাক্সকে নিয়ে, যে তার মায়ের সঙ্গে বার্গ গেরল্ডসেক বৃদ্ধাশ্রমে থাকে। সেখানে তার বন্ধু হয় তিন প্রবীণ—ভেরা, হর্স্ট এবং কিলিয়ান। স্কুলে ম্যাক্স খারাপ ব্যবহারের মুখোমুখি হয় এবং একই সঙ্গে ফুটবল দল থেকে বাদ পড়ে। ম্যাক্সকে এই তিন প্রবীণ সান্ত্বনা দেন। হর্স্ট একজন প্রাক্তন ফুটবল কোচ, তিনি ম্যাক্সের পক্ষ নিয়ে স্কুল দলকে একটি ম্যাচের চ্যালেঞ্জ দেন। একদিকে ম্যাক্স এবং প্রবীণদের দল, অন্যদিকে স্কুলের ছাত্ররা। এই চ্যালেঞ্জে কে জিতবে?







# Director

Anna Kurbatova

## My Wild Friend

Russia | 2024 | 100min

Seventh-grader Sasha Menshikov is finishing the school year at a new school and lives with his aunt Nina in a small picturesque town. Sasha's mother, a famous scientist, brought him here from Moscow for the duration of her next expedition. Things did not work out with Sasha's classmates; after school, he often walks alone amongst nature. One day in the forest, Sasha finds a little fox caught in a trap. Having learned that poachers are hunting fox cubs, the boy hides him in a dugout deep in the forest and begins to nurse him.

সপ্তম শ্রেণির ছাত্র সাশা মেনশিকভ একটি ছোটো সুন্দর শহরে তার মাসি নিনার সঙ্গে বাস করে। স্কুলের পরীক্ষার শেষে সাশার মা, যিনি একজন বিখ্যাত বিজ্ঞানী, তাঁর বৈজ্ঞানিক অভিযান চলাকালীন সাশাকে মস্কো থেকে নিনার কাছে রেখে গেছেন। কিন্তু নতুন স্কুলে বন্ধুদের সঙ্গে তার সম্পর্ক ভালোভাবে গড়ে ওঠে না; স্কুল শেষে সে প্রায়ই একাই প্রকৃতির মাঝে হাঁটতে যায়। একদিন সাশা জঙ্গলে একটি ছোটো শিয়ালকে ফাঁদে আটকা-পড়া অবস্থায় খুঁজে পায়। শিকারিরা এই শিয়ালশাবকটিকে নিয়ে যাবে, তাই সাশা তাকে গভীর জঙ্গলের একটি গর্তে লুকিয়ে রাখে এবং তার পরিচর্যা করতে শুরু করে।







# Director

## Hanno Olderdissen

Lassie-A New Adventure
Germany | 2023 | 91min

This is a film about the latest exploits of Lassie, Collie dog protagonist Lassie investigates the mysterious disappearances of several pedigreed dogs, with the help of her best friend Flo and new companions Henri, Kleo and little Pippa, a Jack Russell Terrier.

ল্যাসি সিরিজের সাম্প্রতিক চলচ্চিত্র। ছবির নায়ক একটি সারমেয় ল্যাসি। এই শহরে হঠাৎ করে সমস্ত কুকুর অন্তর্ধান হয়ে যেতে থাকে। বন্ধু ফ্লো এবং তার নতুন সঙ্গী হেনরি, ক্লিও এবং ছোট্ট পিপ্পা নামের একটি জ্যাক রাসেল টেরিয়ার কুকুরের সাহায্যে ল্যাসি এই রহস্যজনক অন্তর্ধানের সমাধান করে।







# Director

## Anton Bormatov

Piraty Galaktiki Barrakuda (Pirates of the Barracuda Galaxy)
Russia | 2024 | 92min

This is a science fiction adventure film. The story follows a space pirate from the distant Barracuda galaxy who arrives on Earth, evading cosmic law enforcement by disguising himself as a quiet schoolboy named Mitya. His mission is to locate an ancient repeater left on Earth to send a distress signal to his crew. During his quest, Mitya inadvertently rescues Kristina, a girl bullied by her classmates, and befriends Kolya, a young hooligan. Together, they must elude alien snake-like pursuers and neutralize a bomb capable of destroying the entire solar system.

একটি বিজ্ঞানভিত্তিক রোমাঞ্চকর কল্পকাহিনি চলচ্চিত্র। গল্পটি দূরবর্তী বারাকুডা গ্যালাক্সি থেকে আগত এক মহাকাশ দস্যুকে কেন্দ্র করে, যে মহাজাগতিক আইনের শাস্তি এড়াতে পৃথিবীতে এসে মিতিয়া নামে এক শান্ত স্কুলছাত্রের ছদ্মবেশ ধারণ করে। তার লক্ষ্য প্রাচীনকালে পৃথিবীতে রেখে-যাওয়া একটি রিপিটার খুঁজে বের করে তার দলের কাছে বিপদ সংকেত পাঠানো। এই অভিযানের সময়, মিতিয়া দুর্ঘটনাক্রমে ক্রিস্টিনাকে রক্ষা করে, যে সহপাঠীদের দ্বারা নিপীড়িত হচ্ছিল, এবং কোলিয়া নামের এক দুষ্টু যুবকের সঙ্গে বন্ধুত্ব গড়ে তোলে। তাদের সম্মিলিত কাজ হল এলিয়েন সাপ-মানবদের থেকে পালানো এবং একটি বোমা নিষ্ক্রিয় করা, যা সমগ্র সৌরজগৎকে ধ্বংস করতে পারে।







# Director

## Barbara Kronenberg

### Mission Ulja Funk

Germany, Luxembourg, Poland | 2021 | 93min

The story centers around 12-year-old Ulja, an enthusiastic astronomy lover who discovers an asteroid predicted to impact in Belarus. However, her devout grandmother, disapproving of Ulja's scientific interests, confiscates her equipment. Determined to witness the asteroid's landing, Ulja persuades her classmate Henk to drive her in a stolen hearse across Eastern Europe. Their journey is filled with unexpected challenges and humorous situations, all while being pursued by Ulja's family and their pastor. Throughout the adventure, Ulja learns valuable lessons about friendship, family, and following one's passion.

এক কিশোরীর স্বপ্ন আর সাহসিকতার গল্প। ছবির কেন্দ্রবিন্দু বারো বছর বয়সি উলজা, যার জ্যোতির্বিজ্ঞানের প্রতি গভীর আগ্রহ। একটি গ্রহাণুর বেলারুশে আঘাত হানার ভবিষ্যদ্বাণী আবিষ্কার করে উলজা। তার ধার্মিক দিদা উলজার এই বৈজ্ঞানিক আগ্রহকে মেনে নিতে না পেরে তার যন্ত্রপাতি কেড়ে নেয়। তবুও, উলজা তার লক্ষ্যপূরণের সিদ্ধান্ত নেয় এবং সহপাঠী হেনককে রাজি করায় চুরি করা একটি শববাহী গাড়ি নিয়ে পূর্ব ইউরোপ জুড়ে যাত্রা করতে। এই যাত্রা নানা অপ্রত্যাশিত চ্যালেঞ্জ, হাস্যকর ঘটনায় ভরপুর। এই অভিযানের মধ্য দিয়ে উলজা বন্ধুত্ব এবং পরিবারের গুরুত্ব বুঝতে পারে। এ ছাড়াও, নিজের স্বপ্নের পেছনে ছুটতে সাহস সঞ্চয় করে সে।







# Director

**Andrey Hadjivasilev**

## The Tesla Case

Bulgaria | 2022 | 90min

Tony, an aspiring young inventor, is developing a wireless electricity device inspired by Nikola Tesla, believing it could solve the global energy crisis. However, his plans are interrupted when he is compelled to attend a summer camp with his classmates. He invites his neighbour and close friend, Raya, who eagerly joins him due to her parents' frequent absences. At camp, they face challenges from Victor, the jealous local scouts' leader, who aims to sabotage Tony's experiments and win Raya's affection. Meanwhile, Raya investigates rumours of a mysterious werewolf in the nearby forest, leading to unexpected adventures.

টনি একজন উদীয়মান তরুণ উদ্ভাবক, নিকোলা টেসলার দ্বারা অনুপ্রাণিত হয়ে একটি বেতার বিদ্যুৎ ডিভাইস তৈরি করেছে। সে বিশ্বাস করে, বিশ্বের জ্বালানি সংকট এই ডিভাইস সমাধান করতে পারবে। তবে তার পরিকল্পনা বাধাগ্রস্ত হয়, যখন তাকে তার সহপাঠীদের সঙ্গে একটি গ্রীষ্মকালীন শিবিরে যোগ দিতে বাধ্য করা হয়। সে তার প্রতিবেশী এবং ঘনিষ্ঠ বন্ধু রায়াকে আমন্ত্রণ জানায়, যে আনন্দের সঙ্গে যোগ দেয়। শিবিরে তারা স্থানীয় স্কাউট নেতা ভিক্টরের চ্যালেঞ্জের মুখোমুখি হয়, যে টনির পরীক্ষাগুলি নষ্ট করতে এবং রায়ার স্নেহ পেতে চায়। এদিকে, রায়া কাছাকাছি বনের রহস্যময় ওয়্যারউল্‌ফের গুজব তদন্ত করে।









Artyom Minakov

## The Formula of Water

Russia | 2023 | 72min

A teenage girl, Dana, who lives on one of the planet-ocean islands among mutants, goes in search of her father, a scientist who has invented a machine that can solve an important problem -the lack of drinking water. She becomes the target of cut throat pirates who believe she is the key to a legendary treasure–a source of drinking water. Fleeing from the pirates, Dana meets a troupe of travelling performers. Together they experience colourful and dangerous adventures, thereby becoming true friends and unravelling the mystery of the treasure.

'দ্য ফর্মুলা অব ওয়াটার' ছবিতে একটি বাচ্চা মেয়ে ডানা তার বাবার খোঁজে বের হয়। ওর বাবা এমন একটি মেশিন তৈরি করেছেন, যা জলকষ্ট দূর করবে। পথে কিছু দস্যুর আক্রমণ ঘটে—যে দস্যুরা মনে করে যে, ডানার মাধ্যমেই খোঁজ মিলবে পানীয় জলের উৎসস্থানের। সেই দস্যুর থেকে পালিয়ে এবং কিছু সার্কাস কর্মীর সাহায্যে ডানা বেরিয়ে পড়ে এক দুঃসাহসী অভিযানে। বন্ধুত্বের সঙ্গে সঙ্গে রহস্যও গভীর হতে থাকে। ডানা কি পারবে গুপ্তধনের রহস্য উদ্‌ঘাটন করতে?










# Director

Arturo A. Hernandez

Andrew Gordon

Veerapatra Jinanavin

## Out of the Nest

Bulgaria | 2022 | 90min

In the Kingdom of Castilia, a dark force rises again. Days from the coronation of the new Emperor and Empress, their seven royal fledglings are taken and it's up to one hero to return them safely: a teenage delivery boy, Arthur the Goat. His dreams of becoming a world-class barber are put on hold when he becomes a parent overnight. If he's going to keep the rambunctious toddlers safe on their journey, he must first grow up, discover his own past, and along the way, awaken forgotten champions. Can Arthur return the heirs and ultimately save the kingdom?

কাসটিলিয়া রাজ্যে রাজাকে সিংহাসন থেকে সরিয়ে এক দুষ্ট জাদুকরকে বসানোর জন্য রাজ্যের উত্তরাধিকারীদের অপহরণ করা শুরু হয়। রাজা যদি ভয় পেয়ে সিংহাসন ছেড়ে দেয়! এমন এক অবস্থায় এগিয়ে আসে রাজ্যের এক যুবক ছাগল আর্থার। ১৭ বছর বয়সি, উচ্চাকাঙ্ক্ষী, অবুঝ আর্থার কি পারবে তার রাজ্যকে রক্ষা করতে? সে কি পারবে রাজার সাত সন্তানকে তাদের বাবা-মা-র কাছে ফিরিয়ে দিতে? তার নিজের জীবনের লক্ষ্যপূরণ কি হবে?






# Director

## Ding Zhong

Fall Into The Mortal World
China | 2024 | 118min

The twenty-eight constellations contain the power of stars, which can destroy the world. Unfortunately, Zhi Nv, who is in charge of the constellations, is greedy for the mortal world, causing the stars to escape, causing disaster. Many years later, Zhi Nv's son Jinfeng comes to the mortal world for his mother, and teamsup with the mortal girl Xiaofan to conquer the stars. Accompanied by humans and gods, they encounter many dangers along the way, and the mystery of Xiaofan's life experience and the truth of Zhi Nv's crime gradually surfaces.

আটাশটি নক্ষত্রমণ্ডলে তারকাদের এমন শক্তি রয়েছে, যা পৃথিবীকে ধ্বংস করতে পারে। দুর্ভাগ্যবশত, নক্ষত্রমণ্ডলের দায়িত্বে থাকা ঝি নু পৃথিবীর প্রতি লোভী হয়ে পড়ে, যার ফলে তারকারা পালিয়ে যায় এবং বিপর্যয় ঘটে। বহু বছর পরে, ঝি নুর পুত্র জিনফেং তার মায়ের জন্য পৃথিবীতে আসে এবং মর্ত্যের মেয়ে শিয়াওফানের সঙ্গে মিলে আকাশের তারাদের বাগে আনতে চেষ্টা করে। মানুষ ও দেবতাদের সঙ্গে নিয়ে তারা অভিযান করে, পথে বহু বিপদের সম্মুখীন হয় এবং শিয়াওফানের জীবন-রহস্য ও ঝি নু-র অপরাধের সত্যতা ধীরে ধীরে উন্মোচিত হয়।








# Director

## Ji Zhao

New Gods: Yang Jian
China | 2022 | 127min

Fifteen hundred years after the war of gods, the heaven went into a decline. Yang Jian, the God of Erlang, made a living by working as a catcher. One day, Yang Jian was ordered to hunt down a young man, his own nephew.

দেবতাদের যুদ্ধের পনেরোশো বছর পর স্বর্গের পতন ঘটে। এরলাংদের দেবতা ইয়াং জিয়ান শিকারি হিসেবে কাজ করে জীবিকা নির্বাহ করতেন। একদিন ইয়াং জিয়ানকে আদেশ দেওয়া হয় একজন যুবককে ধরার জন্য, যে কিনা তাঁর নিজের ভাগনে।







# Director

## Huida Lin

Boonie Bears: Back to the Earth
China | 2022 | 97min

A mysterious alien named Avi arrives in Pine Tree Mountain and befriends Bramble. Bramble gradually learns that Avi's people, the Rhyot, originated from Earth. Millions of years ago, a highly developed Rhyotan civilization thrived to the detriment of Earth's environment. In the end, the Rhyotans had to flee their home planet. When Avi leads Bramble to the ancient relics of his people, a high-tech human army using all sorts of weapons attacks them. What is the purpose of Avi's trip back to Earth? Will he be able to protect his homeland this time?

এভি নামের এক রহস্যময় এলিয়েন পাইন ট্রি মাউন্টেনে এসে ব্রাম্বলের সঙ্গে বন্ধুত্ব গড়ে তোলে। ধীরে ধীরে ব্রাম্বল জানতে পারে যে এভির জাতি 'রায়োট'দের পৃথিবীতেই উৎপত্তি। লক্ষ বছর আগে রায়োটান সভ্যতা পৃথিবীর পরিবেশের ক্ষতিসাধন করে বিকশিত হয়েছিল। শেষ পর্যন্ত রায়োটানদের তাদের নিজ গ্রহ ছেড়ে পালাতে হয়েছিল। যখন এভি ব্রাম্বলকে তার জাতির প্রাচীন স্থপতিগুলোতে নিয়ে যায়, তখন একটি উচ্চপ্রযুক্তিসম্পন্ন মানব সেনাবাহিনী নানা ধরনের অস্ত্র ব্যবহার করে তাদের ওপর আক্রমণ চালায়। এভির পৃথিবীতে ফিরে আসার আসল উদ্দেশ্য কী?





# Director



Da-mo peng



Fei Yan

## Successor

China | 2024 | 133min

Ma Chenggang and Chunlan, who have "no oil in their soup and no money in their pockets", ride a donkey to work and come from a poor family. Their son Ma Jiye is the only hope who can change their fate.

মা চেংগাং এবং চুনলান, 'যাঁদের খাবারে তেল নেই এবং পকেটে টাকা নেই', একটি গাধায় চড়ে কাজে যান এবং একটি দরিদ্র পরিবারে বাস করেন। তাঁদের ছেলে মা জিয়েই এই পরিবারের একমাত্র আশা, যে হয়তো সবার ভাগ্য পরিবর্তন করতে পারবে।







# Director

## Kristina Dufcova

### Living Large

Czech Republic | 2024 | 79min

A 12 year old boy Ben Pipette was bullied for his weight and he tries to turn things around by dieting and attempting to win over the girl of his dreams. The film deals with obesity and its side effects.

বারো বছর বয়সি বেন পিপেট তার অতিরিক্ত ওজনের জন্য স্কুলে সহপাঠীদের দ্বারা পীড়িত হতে থাকে। সে সব কিছু বদলে দিতে ডায়েট শুরু করে, যাতে তাকে আর কেউ কিছু না বলতে পারে এবং যেন তার বন্ধু ক্লেয়ারকে সে নিজের করে পেতে পারে। ওজনের বাড়বাড়ন্ত কীভাবে জীবনে প্রভাব ফ্যালে, তা এই ছবির উপাদান।







# Director

## Klemen Dvornik

### Block Five

Czech Republic | 2024 | 80min

When 12-year-old Alma learns that her father's company is about to tear down the playground in front of their apartment building, she has no choice but to join forces with her rival Luna and her team of skaters. They have only one week to save the playground.

১২ বছর বয়সি আলমা যখন জানতে পারে যে, তার বাবার সংস্থা তাদের অ্যাপার্টমেন্ট বিল্ডিং-এর সামনের খেলার মাঠটি তুলে দিতে চায়, তখন সে তার প্রতিদ্বন্দ্বী লুনা এবং তার স্কেটারদের দলের সঙ্গে যোগ দিতে বাধ্য হয়। খেলার মাঠটি সংরক্ষণের জন্য তাদের কাছে মাত্র এক সপ্তাহ সময় রয়েছে। তারা কি পারবে?







# Director

Anca Damian

## Marona's Fantastic Tale

France, Romania, Belgium | 2019 | 92min

A dog named Neuf, recounts the story of her life after a terrible hit-and-run accident. People have adopted her, some have sold her, others have changed her name, and all of them, have abandoned her on the street again and again. But, now she is back where she had started, all alone, the intense but short-lived moments of her ephemeral happiness are her only comfort.

একটি ছোটো কুকুর, যার নাম নেফ, একটি ভয়াবহ সড়ক দুর্ঘটনার পর তার জীবনের স্মৃতিময় গল্প বর্ণনা করছে। কেউ তাকে দত্তক নিয়েছে, কেউ বিক্রি করেছে, কেউ তার নাম পরিবর্তন করেছে, এবং সবাই তাকে বারবার রাস্তায় ফেলে গেছে। এখন সে আবার যেখান থেকে শুরু করেছিল, সেখানে ফিরে এসেছে। সে এখন সম্পূর্ণ একা, তার সুখের দিনগুলোর স্মৃতিই তার সঙ্গী।








# Director

## Robert Stromberg

Maleficent
USA | 2014 | 97min

As a beautiful young woman of pure heart, Maleficent has an idyllic life in a forest kingdom. When an invading army threatens the land, Maleficent rises up to become its fiercest protector. However, a terrible betrayal hardens her heart and twists her into a creature bent on revenge. She engages in an epic battle with the invading king's successor, then curses his newborn daughter, Aurora-realizing only later that the child holds the key to peace in the kingdom.

মিষ্টি মনের মেয়ে ম্যালিফিসেন্ট তার জঙ্গল-ঘেরা জীবনে খুশি ছিল। কিন্তু এক আক্রমণকারী বাহিনীর দাপটে তাদের জীবন অস্থির হয়ে ওঠে, ম্যালিফিসেন্ট জঙ্গলের রক্ষক হয়ে ওঠে। একটি ভয়ংকর বিশ্বাসঘাতকতা তার হৃদয়কে আঘাত করে এবং প্রতিশোধের আগুনে ম্যালিফিসেন্ট এক বিকৃত জীবে পরিণত হয়। ইতিমধ্যে তার প্রতিদ্বন্দ্বী রাজার কন্যা অরোরার জন্ম হয় এবং ম্যালিফিসেন্ট তাকে শাপ দেয়। পরে উপলব্ধি করে, এই শিশুর কাছেই আছে রাজ্যের শান্তির চাবিকাঠি।







# Director

**Omar Mouldouira**

## A Summer in Boujad

Morocco | 2021 | 120min

Seven years after the death of his mother, 13-year-old Karim leaves Paris for Morocco with his father Messaoud, who has remarried and decides to return to his homeland.

মায়ের মৃত্যুর সাত বছর পর, ১৩ বছর বয়সি করিম তার বাবা মেসউদের সঙ্গে প্যারিস ছেড়ে মরক্কোতে চলে যায়। মেসউদ আবার বিয়ে করেছেন এবং তিনি তাঁর মাতৃভূমিতে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেন।







# Director

Manuk Depoyan

## The Dragon Spell

Ukraine | 2016 | 85min

Little Nicky, the son of the Tanner, a famous strongman, has made up his mind, that he can conquer the dragon as his father did long ago. Despite warnings of his father, Nicky manages to get into trouble and now it depends only on his courage, whether he can defeat the resurgent dragon and return home from the magic world.

ছোটো নিকি, যার বাবা ট্যানার এক প্রবল পরাক্রমী ব্যক্তি, ঠিক করে, সে তার বাবার মতোই ড্রাগনকে পরাজিত করবে। ট্যানারের নিষেধাজ্ঞা সত্ত্বেও, নিকি সাহসের সঙ্গে বিপৎসংকুল পথে যায়। সে কি পারবে ড্রাগনকে পরাজিত করতে এবং ওই রহস্যময় জগৎ থেকে ফিরে আসতে?







# Director

## Masanori Hata

### The Adventures of Milo and Otis

Japan | 1986 | 76min

The story of two animals and their adventures. Milo, the cat, and Otis, the dog, are two animals who grow up together on the same farm. One day, the two are separated and begin a journey to find each other. The adventurous, and often perilous quest finds the two animals travelling across mountains, plains, and snow-covered lands searching for one another.

এই ছবিটি দুটি প্রাণী এবং তাদের অ্যাডভেঞ্চারের গল্প বলে। একটি বিড়াল মিলো এবং একটি কুকুর ওটিস, যারা একই খামারে একসঙ্গে বড়ো হয়েছে। একদিন দুজন আলাদা হয়ে যায় এবং একে অপরকে খুঁজে বের করার জন্য যাত্রা শুরু করে। দুঃসাহসিক এবং প্রায়শই বিপজ্জনক অনুসন্ধানে দুটি প্রাণীকে পাহাড়, সমভূমি এবং তুষার-আচ্ছাদিত জমি জুড়ে একে অপরের সন্ধানে ভ্রমণ করতে দেখা যায়।







# Director

Seijiro Koyana

Hachiko

Japan | 1987 | 107min

A puppy from Akita Prefecture is sent as a gift to Professor Ueno of Tokyo University. Professor Ueno loves the puppy very much and names him Hachi. Professor goes to work by train everyday. Hachi walks to the Station with the Professor each morning and greets him in the evening, no matter what the weather is. One day, Professor Ueno has a stroke and passes away. His family sells the house and moves to another city, but Hachi keeps visiting the house and waiting at the station, believing his master will return.

আকিতা প্রদেশ থেকে একটি ছোটো কুকুরছানা টোকিয়ো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক উয়েনোর কাছে উপহার হিসেবে পাঠানো হয়। অধ্যাপক কুকুরছানাটিকে ভালোবেসে নাম রাখেন হাচি। অধ্যাপক প্রতিদিন রেলপথে কাজে যান। সকালে হাচি অধ্যাপকের সঙ্গে স্টেশনে যায় এবং সন্ধ্যায় সেই স্টেশনে তার জন্য অপেক্ষা করে। একদিন অধ্যাপক উয়েনোর স্ট্রোক হয় এবং তিনি মারা যান। তাঁর পরিবার বাড়িটি বিক্রি করে অন্য শহরে চলে যায়, কিন্তু হাচি প্রতিদিন সেই বাড়িতে যায় এবং স্টেশনে অপেক্ষা করে, সে বিশ্বাস করে, তার মালিক ফিরে আসবেন।







# Director

Rajiv Chilaka

## Chhota Bheem and the Curse of Damiyaan

India | 2024 | 145min

In the kingdom of Dholakpur, the young and courageous Bheem, along with his friends Chutki, Raju, Kalia, and others, face a formidable challenge when the ancient demon Damyaan threatens their homeland. Granted immortality centuries ago, Damyaan seeks to unleash darkness upon the world. Guided by the wise Guru Shambhu, portrayed by Anupam Kher, Bheem and his companions embark on a perilous journey back in time to the city of Sonapur. Their mission is to prevent Damyaan from obtaining immortality, thereby altering the course of history to safeguard their future.

ঢোলকপুর রাজ্যে তরুণ এবং সাহসী ভীম, তার বন্ধু চুটকি, রাজু, কালিয়া এবং অন্যদের সঙ্গে একটি ভয়ংকর চ্যালেঞ্জের সম্মুখীন হয়, যখন প্রাচীন দানব দামিয়ান তাদের মাতৃভূমিকে হুমকি দেয়। শতাব্দী পূর্বে অমরত্বপ্রাপ্ত দামিয়ান পৃথিবীতে অন্ধকার ছড়াতে চায়। অনুপম খের অভিনীত জ্ঞানী গুরু শম্ভুর নির্দেশনায়, ভীম এবং তার সঙ্গীরা সোনাপুর শহরের উদ্দেশে বিপজ্জনক সময়যাত্রায় রওনা হয়। তাদের লক্ষ হল দামিয়ানকে অমরত্বলাভ থেকে বিরত রাখা, এবং এভাবে তাদের ভবিষ্যৎরক্ষার জন্য ইতিহাসের গতিপথ পরিবর্তন করা।







# Director

## Lorenzo Mattotti

### The Bears' Famous Invasion of Sicily

France, Italy | 2019 | 82min

Troubadour Gedeone and his apprentice Almerina seek refuge in a cave during a blizzard and encounter an aging bear. To avoid harm, Gedeone tells a tale of Leonce, a bear king who embarks on a perilous journey to rescue his kidnapped son, Tonio, from humans. Facing threats from a malicious Grand Duc, a magician, and fantastical dangers, Leonce unites bears and humans in peace after defeating his foes. However, the aging bear reveals the story's hidden truths, hinting at deeper secrets. The travellers realise the tale is far more complex than it seemed.

তুষারঝড়ে ত্রুবাদো গিদিওন এবং তাঁর শিক্ষানবিশ আলমেরিনা একটি গুহায় আশ্রয় নেন এবং সেখানে একটি বৃদ্ধ ভালুকের মুখোমুখি হন। নিজেদের রক্ষা করতে, গিদিওন লিওন্স নামে এক ভালুক রাজার গল্প বলেন, যে তার অপহৃত পুত্র টোনিয়োকে মানুষের কবল থেকে উদ্ধারের জন্য এক বিপজ্জনক যাত্রা শুরু করে। এই সফরে সে দুষ্ট গ্র্যান্ড ডিউক, এক জাদুকর এবং বিভিন্ন অলৌকিক বিপদের সম্মুখীন হয়। লিওন্সের সাহসিকতায় শত্রুদের পরাজয় হয় এবং ভালুক ও মানুষের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত হয়। কিন্তু বৃদ্ধ ভালুক গল্পটির লুকোনো সত্য ফাঁস করে, যা গিদিওন ও আলমেরিনাকে গল্পের গভীর ও জটিল দিক বুঝিয়ে দেয়।







# Director

Sarah Winkenstette

## Zu Weit Weg (Too Far Away)

Germany | 2019 | 89min

It is a touching German drama that explores themes of friendship, identity, and belonging. The story follows Ben, an 11-year-old boy, who is forced to leave his small hometown when his family relocates to a bigger city. Struggling to adapt to his new school and environment, Ben meets Tariq, a Syrian refugee of the same age. Despite their different backgrounds, the two bond over shared feelings of displacement and a love for soccer. As their friendship grows, they navigate cultural barriers and personal challenges, discovering the strength of empathy and understanding.

এই চলচ্চিত্র বন্ধুত্ব, সংস্কৃতি এবং নিজেদের ভিত খুঁজে পাওয়ার গল্প বলে। ছবির কেন্দ্রবিন্দুতে রয়েছে বেন, এগারো বছরের একটি ছেলে, যার পরিবার তাকে ছোটো শহর থেকে বড়ো শহরে নিয়ে আসে। নতুন পরিবেশে মানিয়ে নিতে হিমশিম-খাওয়া বেনের সঙ্গে দেখা হয় তারিকের, এক সমবয়সি সিরিয়ান শরণার্থীর। তাদের ভিন্ন পটভূমি সত্ত্বেও, ফুটবলের প্রতি ভালোবাসা এবং একাকিত্বের অভিজ্ঞতা তাদের বন্ধুত্বের সেতু তৈরি করে। ছবিটি দেখায়, কীভাবে তারা ভাষা ও সংস্কৃতির বাধা অতিক্রম করে একে অপরকে বোঝার চেষ্টা করে এবং নিজেদের জায়গা তৈরি করে।







# Director

Christian Theede

## The Papercorns and the Secret of the Deep Sea

Germany | 2020 | 94min

An unbeatable team of five teenage friends, the Peppercorns, unite to find out who is behind the kidnapping of a missing oceanographer who has discovered a means of getting rid of plastic waste in the ocean.

পাঁচ কিশোর বন্ধুর এক সাহসী দল পেপারকর্নস একত্র হয় একজন নিখোঁজ মহাসাগরবিদের অপহরণের রহস্য উদ্ঘাটনে। তিনি আবিষ্কার করেছিলেন মহাসাগর থেকে প্লাস্টিক বর্জ্য অপসারণের এক অভিনব উপায়।







# Director

Marie-Magdalena Kochova

## The Other One

Czech Republic, Slovakia | 2024 | 85min

Eighteen-year-old Johanna struggles with her role as a “glass child,” overshadowed by her special-needs sibling. As she nears high school graduation, she must choose between pursuing her dreams or staying home to help her family.

১৮ বছর বয়সি জোহানার পরিবারে বিশেষ চাহিদাসম্পন্ন ভাইবোন আছে। পরিবারের মধ্যে থেকেও জোহানা এক শূন্যতা অনুভব করে, মনে করে, তাকে ভাই বা বোনেদের মতন ভালোবাসে না কেউ। যখন সে পড়াশুনো করে স্নাতক হওয়ার পথে, তখন তার সামনে দুটি রাস্তা খোলা থাকে—এক, স্বপ্ন পূরণ করার জন্য দূরে যেতে হবে, অথবা সবাইকে সাহায্য করার জন্য তাকে বাড়িতে থাকতে হবে। জোহানা কী করবে?





# Director



Veerapatra Jinanavin




Manassavin Malevong

## Mantra Warrior: The Legend of the Eight Moons

Thailand | 2023 | 90min

A story inspired by the original Ramayana, is retold in a futuristic universe. When his wife is abducted by a galactic tyrant, a prince wages an epic battle to free her, aided by his brother, an embattled king and a band of warriors.

মূল রামায়ণ দ্বারা অনুপ্রাণিত এই কাহিনি, যা একটি ভবিষ্যৎ মহাবিশ্বের প্রেক্ষাপটে বলা হয়েছে। মহাকাশের এক অত্যাচারী শাসক যখন যুবরাজ রামের স্ত্রী-কে অপহরণ করে, যুবরাজ তাকে মুক্ত করার জন্য শাসকের বিরুদ্ধে এক মহাকাব্যিক যুদ্ধ শুরু করে। তাকে সাহায্য করে তার ভাই, এক পরাক্রমী রাজা এবং একদল সাহসী যোদ্ধা।







# Director

Mark Waters

## Mr. Popper's Penguins

USA | 2011 | 94min

The story follows Tom Popper a successful but work-obsessed New York businessman estranged from his family. When his late father leaves him six live penguins as part of an unusual inheritance, his life is turned upside down. Initially planning to get rid of the birds, Popper soon forms a bond with them as they bring unexpected joy to his home and help him reconnect with his two children and ex-wife, Amanda.

টম পপার একজন সফল ও ব্যস্ত ব্যবসায়ী, যদিও তার পরিবার একসঙ্গে থাকে না। বাবার মৃত্যুর পর, টমকে উপহার হিসেবে ছয়টি পেঙ্গুইন পাঠানো হয়। প্রথমে পেঙ্গুইনদের সামলানো কঠিন মনে হলেও, ধীরে ধীরে তারা টমের জীবনে পরিবর্তন আনে। পেঙ্গুইনদের সঙ্গে সময় কাটাতে গিয়ে টম তার পরিবারের কাছে ফিরে আসে এবং বুঝতে পারে জীবনের আসল অর্থ। পেঙ্গুইনদের কারণে টমের কাজ ও ব্যক্তিগত জীবনে অনেক বাধা আসে, কিন্তু শেষ পর্যন্ত তারা তার জীবনের গুরুত্বপূর্ণ অংশ হয়ে ওঠে।







# শুধু খুঁজে নিতে হয়

প্রসাদরঞ্জন রায়|| লেখক

আজকাল মাঝে মাঝে, এই শহরে জন্ম নেওয়া এবং বেড়ে-ওঠা কিশোর-কিশোরীদের জন্য আমার দুঃখ হয়। আধুনিক প্রযুক্তির সমস্ত সুযোগসুবিধাই তারা হয়তো পেয়ে যায়, কিন্তু প্রকৃতির সঙ্গে খুব কম বা কোনও যোগাযোগ ছাড়াই গড়ে উঠছে এই প্রজন্ম।

আমরা পাঁচের দশকে বড়ো হয়েছি, তখনও কলকাতা অনেক বেশি সবুজ, প্রায়ই পাখির ডাক শোনা যেত, রাস্তায় যানজট ও কোলাহল কম ছিল। বাবা-মা এবং দাদু-ঠাকুমারা আমাদের সঙ্গে সময় কাটাতেন, তাঁরা আমাদের পড়ে শোনাতেন 'কুমায়ুনের মানুষখেকো' বা 'বনে-জঙ্গলে'র মতো গল্প, যা আমাদের ভীষণ প্রিয় ছিল। আমরা মাঝেমধ্যে সিনেমা দেখতে যেতাম, সেখানে ওয়াল্ট ডিজনির ছবি বা প্রকৃতিনির্ভর কোনও কোনও ছবি আমাদের মুগ্ধ করত।

এই কথাগুলো শুনে তোমাদের মনে হচ্ছে যে, প্রকৃতির সঙ্গে আমাদের দৈনন্দিন জীবনের একটা দূরত্ব ঘটে গেছে এবং সত্যিই তা ঘটেছে। তবে আজকাল এমন অনেক জিনিস পাওয়া যায়, যা আগে ভাবা যেত না। দোকান এবং গ্রন্থাগারগুলিতে প্রকৃতির ওপর নানান বই পাওয়া যায়, প্রকৃতির ওপর ভিত্তি করে নানান ভিডিয়ো ও সিনেমা তৈরি হচ্ছে। ডেভিড অ্যাটেনবরো, স্টিভ আরউইন, জ্যাক হান্না এবং আরও অনেক চলচ্চিত্র নির্মাতা বন্যপ্রাণী ও প্রকৃতি নিয়ে সুন্দর সুন্দর সিনেমা তৈরি করেছেন। শুধু সিনেমা বা টিভি-তে নয়, আজকাল ল্যাপটপে বা মোবাইলেও এইসব ছবি দেখা যায়, শুধু খুঁজে নিতে হয়।

প্রকৃতিনির্ভর বেশ কিছু চলচ্চিত্র তোমাদের জন্য এই উৎসবে নিয়ে আসা হয়েছে। আমরা দেখতে পারব শিশুদের জন্য ক্লাসিক 'ব্যাম্বি', 'ফ্রি উইলি'; এই সময়ে জনপ্রিয়তা পেয়েছে 'মার্চ অব দ্য পেঙ্গুইন' বা 'আ বিউটিফুল প্ল্যানেট'-এর মতন ছবিগুলোও।

তাই তোমার সবাই এসো, আনন্দ করো আর মজা করে ছবিগুলো দ্যাখো। যদি ভালো লেগে থাকে, তাহলে এই ধরনের আরও ছবি তোমরা নিশ্চয় খুঁজবে দেখার জন্য।

# Nature: A Friend Forever

Prasadranjan Ray||Writer

At times, I feel sorry for youngsters born and growing up in our great city today. For all the magical qualities of modern technology, they grow up with little or no contact with nature.

When we had grown up in the 1950's, the city was a lot greener, with birdsongs resounding and the streets less choked with traffic and noise. Also, our parents and grandparents had more time to spend with us and told us stories from the 'Maneaters of Kumaon' or 'Boney Jangaley' (In the Forest and Jungle) which were hot favourites! Then there were occasional visits to movie theaters to watch Walt Disney, nature movies and others which kept us spellbound.

But wait, nature might have receded from our daily lives but there are other resources which were unimaginable in the earlier days. Bookstores and libraries are well stocked with books on nature which are reasonably priced. Audiovisual resources are enormous. Filmmakers such as David Attenborough, Steve Irwin, Jack Hanna and many others have produced incredibly rich wildlife movies. Not only are many of these available on television, these can be accessed on laptops and even your cell phones, if you know where to look.

We are here with a small bouquet of nature films for you to taste. They range from the evergreen children's classic 'Bambie', through the eternal 'Free Willy' to recent classics like 'March of the Penguins' and 'A Beautiful Planet'.

So, sit back, relax and enjoy! But please remember, this habit is addictive!!!

# Nature and Environment FILMS















# Director

David D. Derrick Jr.

Jason Hand

Dana Ledoux Miller

## Moana 2

USA,Canada | 2014 | 100min

The film follows Moana as she receives an unexpected call from her wayfinding ancestors. This summons leads her on a daring journey to the far seas of Oceania, where she must navigate dangerous, long-lost waters to break a curse isolating various islands. Reuniting with the demigod Maui (voiced by Dwayne Johnson), Moana assembles a diverse crew of seafarers, including new characters like her younger sister Simea, to aid in her quest. The film explores themes of unity, cultural heritage, and the courage to venture beyond known horizons.

এই চলচ্চিত্রে মোয়ানা তার পূর্বপুরুষদের থেকে অপ্রত্যাশিত আহ্বান পায়। এই আহ্বান তাকে ওশেনিয়ার দূর সমুদ্রে একটি রোমাঞ্চকর যাত্রায় নিয়ে যায়, যেখানে তাকে বিপজ্জনক জলের মধ্য দিয়ে নেভিগেট করতে হয়, বিভিন্ন দ্বীপকে বিচ্ছিন্ন করে রাখা একটি অভিশাপ ভাঙার জন্য। ডেমিগড মাউইয়ের সঙ্গে পুনর্মিলিত হয়ে, মোয়ানা তার ছোটোবোন সিমিয়ার মতো নতুন চরিত্রসহ বিভিন্ন নাবিকের একটি দল গঠন করে, যারা তার মিশনে সহায়তা করে। চলচ্চিত্রটি ঐক্য, সাংস্কৃতিক ঐতিহ্য এবং পরিচিত সীমানার বাইরে যাওয়ার মতো সাহসের বিষয়গুলি তুলে করে।







# Director

Fred M. Willcox

## Lassie Come Home

USA | 1943 | 89min

Hard times came for Carraclough family and they are forced to sell their dog to the rich Duke of Rudling. However, Lassie, the dog, is unwilling to leave young Joe Carraclough and sets out on a long and dangerous journey in order to rejoin him.

কারাক্লাও পরিবার কঠিন সময়ের মুখোমুখি হওয়ায় তারা বাধ্য হয়ে তাদের কুকুর ল্যাসিকে ধনী রুডলিং-এর ডিউকের কাছে বিক্রি করল। তবে ল্যাসি, ছোটো জো কারাক্লাওকে ছেড়ে যেতে চায় না এবং তার কাছে ফিরে আসার জন্য দীর্ঘ ও বিপৎসংকুল যাত্রায় বেরিয়ে পড়ে।







# Director

James Algar

Samuel Armstrong

David Hand

BAMBI
USA | 1942 | 69min

In this Disney classic a young deer named Bambi joins his new friends, a rabbit named Thumper and a skunk named Flower, in exploring his forest home. As a boy, he learns from his doting mother and his father, the great Prince of the forest, that there are dangers in the open meadows where hunters can spot the animals, and he meets a beautiful young doe named Faline. As Bambi grows up, he learns that there is tragedy as well as beauty and joy in his forest world and on the path to adulthood, especially in the beautiful albeit exposed meadow.

